Rural	59.75	51.12	68.74	59.46	99.20	1.33	38.65	42.70	-	21.80
Urban	62.83	55.94	68.05	64.18	99.49	7.13	38.27	46.56	0.12	28.35
Naria	**55.46**	**59.73**	**68.25**	**83.88**	**99.63**	**5.63**	**39.94**	**46.90**	**0.00**	**38.71**
Rural	54.90	58.88	68.27	84.03	99.60	3.70	39.89	45.80	-	37.13
Urban	57.91	62.99	68.15	83.26	99.75	13.19	40.11	51.05	**0.00**	44.82
Shariatpur Sadar	**56.13**	**57.21**	**66.82**	**73.66**	**99.77**	**10.25**	**36.45**	**47.16**	**0.15**	**34.64**
Rural	55.06	55.12	65.57	69.93	99.77	2.48	37.58	45.43	-	31.11
Urban	58.14	61.24	69.25	80.92	99.77	25.40	34.25	50.54	0.15	41.47
Zajira	**57.79**	**56.67**	**61.48**	**75.90**	**99.81**	**4.71**	**39.19**	**41.62**	**0.11**	**33.78**
Rural	56.56	55.67	61.32	76.14	99.80	1.77	39.86	39.46	-	32.57
Urban	61.24	59.52	61.94	75.21	99.84	13.07	37.31	47.7	0.11	37.23

Mentioned Sustainable Development Goals (SDGs) 2030 indicators in brief are as follows:

1) 4.2.2: Participation rate in organized learning (one year before the official primary entry age) by sex.
2) 5.b.1: Proportion of individuals who own a mobile phone by sex (5 years and above).
3) 6.2.1: Proportion of population using safely managed sanitation services, including a hand-washing facility with soap and water.
4) 6.2.1.a: Proportion of population using safely managed sanitation services.
5) 6.2.1.b: Proportion of population with hand washing facilities with soap and water available at home. (*Excluding Floating Population)
6) 7.1.1: Proportion of population with access to electricity. (*Excluding Floating Population)
7) 7.1.2: Proportion of population with primary reliance on clean fuels and technology. (*Excluding Floating Population) As data on clean technology has not been collected. Few fuels were not evaluated (i.e. Kerosene, Paraffin etc.)
8) 8.6.1: Proportion of youth (aged 15-24 years) not in education, employment or training.

9) 8.10.2: Proportion of adults (15 years and above) with an account at a bank or other financial institution or with a mobile-money-service provider.
10) 11.1.1: Proportion of urban population living in slums, informal settlements or inadequate housing.
11) 17.8.1: Proportion of individuals using the Internet (5 years and above).

Map of Shariatpur District showing the Population Density



Upazila Name	Population (%)	
	Urban	Rural
Bhedarganj	20.68	79.32
Damudya	22.14	77.86
Gosairhat	19.17	80.83
Naria	20.34	79.66
Shariatpur Sadar	33.90	66.10
Zajira	26.07	73.93

List of Geo-code of Shariatpur District

86-Shariatpur District

14 - Bhedarganj Upazila
109 - Arshinagar
176 - Char Bhaga
185 - Char Census
194 - Char Kumaria
203 - Chhaygaon
213 - Dakkhin Tarabunia
222 - Digar Mahishkhali
446 - Kachikata
513 - Mahishar
547 - Narayanpur
680 - Rambhadrapur
714 - Sakhipur
781 - Uttar Tarabunia

16 - Bhedarganj Paurashava
001 - Ward No. 01
002 - Ward No. 02
003 - Ward No. 03
004 - Ward No. 04
005 - Ward No. 05
006 - Ward No. 06
007 - Ward No. 07
008 - Ward No. 08
009 - Ward No. 09

25 - Damudya Upazila
208 - Darul Aman
217 - Dhankati
375 - Islampur
442 - Kaneshwar
608 - Purba Damudya
708 - Sidhalkura
717 - Sidya

33 - Damudya Paurashava
001 - Ward No. 01
002 - Ward No. 02
003 - Ward No. 03
004 - Ward No. 04
005 - Ward No. 05
006 - Ward No. 06
007 - Ward No. 07
008 - Ward No. 08
009 - Ward No. 09

36 - GosairhatUpazila
109 - Alaolpur
308 - Gosairhat
375 - Idilpur
442 - Kodalpur
451 - Kuchaipatti
543 - Nagerpara
552 - Nalmuri
710 - Samantasar

40 - Gosairhat Paurashava
001 - Ward No. 01
002 - Ward No. 02
003 - Ward No. 03
004 - Ward No. 04
005 - Ward No. 05
006 - Ward No. 06
007 - Ward No. 07
008 - Ward No. 08
009 - Ward No. 09

65 - Naria Upazila
142 - Bhojeshwar
151 - Bhumkhara
160 - Bijhari
178 - Chamta
187 - Char Atra
213 - Dingamanik
280 - Fatejangapur
314 - Gharishar
414 - Japsa
448 - Kedarpur
515 - Moktarerchar
549 - Naopara
558 - Nashasan
683 - Rajnagar

50 - Naria Paurashava
001 - Ward No. 01
002 - Ward No. 02
003 - Ward No. 03
004 - Ward No. 04
005 - Ward No. 05
006 - Ward No. 06
007 - Ward No. 07
008 - Ward No. 08
009 - Ward No. 09

69 - Shariatpur Sadar Upazila
109 - Angaria
143 - Binodpur
177 - Chandrapur
186 - Chikandi
195 - Chitalia
213 - Domsar
511 - Mahmudpur
611 - Palong
678 - Rudrakar
712 - Shaulpara
746 - Tulasar

66 - Shariatpur Paurashava
001 - Ward No. 01
002 - Ward No. 02
003 - Ward No. 03
004 - Ward No. 04
005 - Ward No. 05
006 - Ward No. 06
007 - Ward No. 07
008 - Ward No. 08
009 - Ward No. 09

94 - Zajira Upazila
142 - Bara Gopalpur
151 - Bara Krishnanagar
160 - Barakandi
169 - Bilaspur
410 - Joynagar
444 - Kunderchar
511 - Mulna
545 - Naodoba
612 - Palerchar
621 - Purba Naodoba
713 - Senerchar
945 - Zajira

83 - Zajira Paurashava
001 - Ward No. 01
002 - Ward No. 02
003 - Ward No. 03
004 - Ward No. 04
005 - Ward No. 05
006 - Ward No. 06
007 - Ward No. 07
008 - Ward No. 08
009 - Ward No. 09

শরীয়তপুর জেলার উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ
Salient Features of Shariatpur District

ইতিহাস সমৃদ্ধ বিক্রমপুরের দক্ষিণাঞ্চল এবং প্রাচীন বরিশালের ইদিলপুর পরগণার কিছু অংশ নিয়ে বর্তমান শরীয়তপুর জেলা গঠিত। ১৯৭৭ সালের ৩ নভেম্বর বিশিষ্ট সমাজ সংস্কারক ও ব্রিটিশ বিরোধী আন্দোলনের নেতা হাজী শরীয়ত উল্লাহর নামানুসারে শরীয়তপুর নামকরণ করা হয়। প্রশাসনিক বিকেন্দ্রীকরণ ও পুনর্গঠনের মাধ্যমে ১৯৮৪ সালে শরীয়তপুর জেলা সৃষ্টি হয়। জেলাটি ২৩°০১' থেকে ২৩°২৭' উত্তর অক্ষাংশ এবং ৯০°১৩' থেকে ৯০°৩৬' পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত। এ জেলার উত্তরে মুন্সীগঞ্জ, পূর্বে চাঁদপুর, দক্ষিণে বরিশাল এবং পশ্চিমে মাদারীপুর জেলা। এ জেলার আয়তন নদী অঞ্চলসহ ১১৭৪.০৫ বর্গকিলোমিটার (৪৫৩.৩২ বর্গমাইল)।

The present Shariatpur district consists of southern part of historical Bikrampur and some parts of Idilpur pargana of ancient Barisal. Shariatpur was named after Haji Shariat Ullah, a prominent social reformer and anti-British movement leader on 3 November 1977. The district was established in 1984 through administrative decentralization and reorganization. It is located between 23°01' to 23°27' north latitudes and 90°13' to 90°36' east longitudes. It is surrounded by Munshiganj on the north, Chandpur on the east, Barishal on the south and Madaripur on the west. It has an area of 1174.05 sq. km (453.32 sq mile).

ভেদরগঞ্জ, ডামুড্যা, গোসাইরহাট, নড়িয়া, শরীয়তপুর সদর ও জাজিরা নামে ০৬ (ছয়)টি উপজেলা নিয়ে শরীয়তপুর জেলা গঠিত। এ জেলায় ৬টি পৌরসভা ও ৬৫টি ইউনিয়ন পরিষদ রয়েছে। শরীয়তপুর জেলা কীর্তিনাশা নদীর তীরে অবস্থিত।

Shariatpur district consists of six upazilas namely Bhedarganj, Damudya, Gosairhat, Naria, Shariatpur Sadar and Zajira. It also includes six municipalities and sixty-five Union Parishads. Shariatpur district is situated on the bank of river Kirtinasha.

জেলার মাটি মূলত নতুন ও পুরাতন মিশ্র গাঙ্গেয় প্লাবনভূমি এবং নিম্ন মেঘনা মোহনা দ্বারা গঠিত। এ জেলার মধ্য দিয়ে প্রবাহিত প্রধান নদীগুলো হলো পদ্মা, মেঘনা, আড়িয়াল খাঁ, পালং, দুবলদিয়া ইত্যাদি। তন্মধ্যে পদ্মা ও মেঘনা সারাবছরই চলাচলের উপযোগী এবং বাকিগুলো শুধু বর্ষাকালেই চলাচলের উপযোগী থাকে। সম্প্রতি চালু হওয়া পদ্মা সেতু জেলার যোগাযোগ ব্যবস্থায় নতুন দিগন্ত উন্মোচন করেছে।

The soil of the district is mainly composed of new and old mixed Gangetic floodplain and lower Meghna estuary. The main rivers flowing through district are the Padma, the Meghna, the Arial Khan, the Palong, the Dubaldia etc. Among them the Padma and the Meghna are navigable throughout the year and the rest are navigable in the rainy season only. The recently commissioned Padma Bridge has opened new horizons in the communication system of the district.

মহান মুক্তিযুদ্ধে শরীয়তপুর জেলার অবদান উল্লেখযোগ্য। মুক্তিযুদ্ধে শরীয়তপুর জেলা সেক্টর-২ এর অন্তর্গত ছিল। মধ্যপাড়া স্মৃতিস্তম্ভ, মহিষারের গণকবর, আটিপাড়া স্মৃতিস্তম্ভ এ জেলার মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত স্থানগুলোর মধ্যে অন্যতম।

The contribution of Shariatpur district in the great liberation war is remarkable. The district belonged to Sector-2 during the liberation war. Madhyapara Monument, Mass Graves of Mahishar, Atipara Monument are among the liberation war memory entangled places of the district.

শরীয়তপুর জেলার যে প্রখ্যাত ব্যক্তিবর্গ দেশের সংস্কৃতি, সাহিত্য ও মুক্তিযুদ্ধে বিশেষ অবদান রেখেছেন তাঁদের মধ্যে মুক্তিযুদ্ধের সংগঠক আব্দুর রাজ্জাক, কবি অতুল প্রসাদ সেন, সাহিত্যিক আবু ইসহাক প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

Abdur Razzak, poet Atul Prasad Sen, novelist Abu Ishaq etc. are notable among the famous people of Shariatpur district who have contributed to the country's culture, literature and liberation war.

জেলার দর্শনীয় স্থানের মধ্যে ফতেহজংপুর দুর্গ, রুদ্রকর মঠ, ধানুকা মনসা বাড়ি, বুড়িরহাট ঐতিহ্যবাহী মসজিদ, সুরেশ্বর দরবার শরীফ, কবি অতুল প্রসাদ সেন এর বাড়ি, সাহিত্যিক আবু ইসহাক এর বাড়ি উল্লেখযোগ্য।

Fatehjangpur Fort, Rudrakar Monastery, Dhanuka Manasha Bari, Burirhat Mosque, Sureshwar Darbar Sharif, Poet Atul Prasad Sen's home and novelist Abu Ishaq's home are notable places of interest in the district.

Source: *1. Agriculture Census 2019, District Report: Shariatpur, BBS*
2. Bangladesh National Portal, Shariatpur District
3. Population and Housing Census 2011, Zila Report: Shariatpur, BBS

নির্বাহী সারসংক্ষেপ
Executive Summary

জনশুমারি হচ্ছে নির্দিষ্ট সময়ে একটি দেশ বা নির্ধারিত সীমানার মধ্যে বসবাসকারী সকল ব্যক্তির জনমিতিক ও আর্থসামাজিক তথ্য ক্ষুদ্রতর ভৌগোলিক স্তর পর্যন্ত সংগ্রহ, সংকলন ও প্রকাশের সামগ্রিক প্রক্রিয়া। জনশুমারি ও গৃহগণনা কার্যক্রমের মূলত দু'টি অংশ রয়েছে, যথা- জনশুমারি এবং গৃহগণনা। স্বাধীন বাংলাদেশে প্রথম আদমশুমারি পরিচালনা করা হয় ১৯৭৪ সালে। দশ বছরের পর্যাবৃত্তি অনুসরণ করে দেশের ষষ্ঠ জনশুমারি ২০২১ সালে অনুষ্ঠানের পরিকল্পনা থাকলেও বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর কারণে তা সম্ভব হয়নি। কোভিড-১৯ পরবর্তীকালে ১৫-২১ জুন ২০২২ সময়সীমায় একযোগে সারাদেশে জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম পরিচালনা করা হয়। উল্লেখ্য, পরিসংখ্যান আইন, ২০১৩ এর ৬(গ) ধারায় 'আদমশুমারি' শব্দের পরিবর্তে 'জনশুমারি' শব্দটি ব্যবহার করা হয়েছে। এটি দেশের ইতিহাসে প্রথম ডিজিটাল জনশুমারি ও গৃহগণনা। এ শুমারিতে ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহার করে সম্পূর্ণ Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে মাঠপর্যায় হতে তথ্যসংগ্রহ করা হয়।

A Population Census is the total process of planning, collecting, compiling, evaluating, disseminating and analyzing demographic, economic and social data at the smallest geographic level pertaining, at a specified time, to all persons in a country or in a well-delimited part of a country. The Population and Housing Census consists mainly of two parts- The Population Census and The Housing Census. After the independence of Bangladesh, BBS conducted the first Population Census in 1974. Following the ten-years periodicity, the 6th population and housing census was supposed to be conducted in 2021, but it was not possible due to the global pandemic, COVID-19. Therefore, the census is conducted immediately after the COVID-19 during 15-21 June 2022 all over the country at a time. As per the Statistics Act, 2013, previously conducted "*Adamshumari"* is now termed as "*Janoshumari"* in Bengali. It is the first digital census in the history of the country. In the census, data collection is conducted using digital device Tablet following the Computer Assisted Personal Interviewing (CAPI) method.

এ শুমারির প্রস্তুতিমূলক কার্যক্রম হিসেবে ৩টি জোনাল অপারেশন পরিচালনা করা হয়। এর আওতায় গণনা এলাকা গঠন, গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ, ম্যাপ প্রণয়ন, জিও-কোড হালনাগাদকরণ, প্রশিক্ষণ কেন্দ্র নির্ধারণ, সংরক্ষিত এলাকার তালিকা প্রস্তুত ইত্যাদি বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করা হয়। দেশের প্রথম ডিজিটাল শুমারি যথাযথভাবে পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য একটি ওয়েবভিত্তিক ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (আইসিএমএস) প্রস্তুত করা হয়। জিও-কোডের সাথে গণনা এলাকাসহ সকল ম্যাপ শুমারি পরিচালনার নিমিত্ত প্রস্তুতকৃত আইসিএমএস এর মাধ্যমে ইন্টিগ্রেশন করা হয়। উক্ত আইসিএমএস এর সহায়তায় শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রমের পাশাপাশি তথ্যের গুণগতমান কেন্দ্রীয়ভাবে সরাসরি পর্যবেক্ষণ ও মনিটর করার লক্ষ্যে বিবিএস সদর দপ্তরে একটি নেটওয়ার্ক অপারেশন্স সেন্টার (এনওসি) স্থাপন করা হয়।

The census preparations are carried out through three zonal operations. Under these, a number of preparatory activities such as formation of enumeration areas (EAs), recruitment of enumerators and supervisors, preparing maps, updating of geo-codes, identifying training centers, enlisting the restricted areas etc. are undertaken. A web-based Integrated Census Management System (ICMS) is developed to control and manage the first digital census operation. Subsequently, all census-controlling-maps including EAs are integrated with geo-code through ICMS. With a view to monitoring data collection activities centrally, along with their quality, through the ICMS, a Network Operations Centre (NOC) is established at the BBS Headquarters.

ট্যাবলেট ব্যবহার করে যথাযথভাবে খানার তথ্য সংগ্রহপূর্বক তা একটি নিরাপত্তা বলয়ের মধ্য দিয়ে বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল) এর Tier IV Data Centre এর সহায়তায় সম্পূর্ণ এনক্রিপ্টেড অবস্থায় বিবিএস'র ডাটা সেন্টারে আনয়ন করা হয়। অতঃপর উপাত্তগুলো ডিক্রিপ্টেড করে নেটওয়ার্ক অপারেশন্স সেন্টারে স্থাপিত ডিজিটাল স্ক্রিনে রিয়েল

The data collected from the household using Tablets are transmitted to the data centre of BBS in fully encrypted form through a strong security system, established in Tier IV Data Centre of Bangladesh Data Center Company Limited (BDCCL). Later on, making the data decrypted, these are made real-time

টাইম ভিজ্যুয়ালাইজেশন করা হয়। এর মাধ্যমে মাঠপর্যায়ের তথ্যসংগ্রহ কার্যক্রমের অগ্রগতি রিয়েল টাইম মনিটরিং-এর পাশাপাশি তথ্যের গুণগতমান সরাসরি পর্যবেক্ষণ করা হয়।

ডিজিটাল শুমারির বিষয়ভিত্তিক কার্যক্রম যথাযথ ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিষয়ভিত্তিক মোট ৩৯টি টিম গঠন করা হয়। জাতীয় পর্যায়ে শুমারির কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে একটি উচ্চ পর্যায়ের সভা আয়োজন করা হয়। এর ফলে মাঠ পর্যায়ে শুমারি পরিচালনা সহজ হয়।

শুমারির প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে প্রথমে প্রকল্প পর্যায়ে আদমশুমারি ও গৃহগণনা ২০১১ এর প্রশ্নপত্র পর্যালোচনার পাশাপাশি প্রাসঙ্গিক বিভিন্ন বিষয় বিবেচনায় নিয়ে প্রশ্নপত্রের প্রাথমিক খসড়া প্রস্তুত করা হয়। পরবর্তীকালে একাধিক ওয়ার্কশপ/সেমিনার আয়োজনের মাধ্যমে অংশীজনের মতামত ও সুপারিশ গ্রহণের পাশাপাশি প্রশ্নপত্রের প্রিটেস্ট পরিচালনাপূর্বক এর চূড়ান্ত খসড়া প্রস্তুত করা হয়। এরপর প্রশ্নপত্রের CAPI Version প্রস্তুতপূর্বক এর উপযোগিতা যাচাইয়ের লক্ষ্যে প্রিটেস্ট পরিচালনা করা হয়। প্রিটেস্ট থেকে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে প্রশ্নপত্রের CAPI Version চূড়ান্ত করা হয়। শুমারির প্রশ্নপত্রে খানা এবং ব্যক্তি বিষয়ক দু'টি ভিন্ন ভিন্ন মডিউলে সর্বমোট ৩৫টি প্রশ্ন রয়েছে। শুমারির সকল প্রক্রিয়া ও কার্যক্রম চূড়ান্তরূপে পরীক্ষা-নিরীক্ষার লক্ষ্যে মূল শুমারির অব্যবহিত পূর্বে পাইলট শুমারি পরিচালনা করা হয়।

শুমারির প্রশ্ন ও তথ্যসংগ্রহ পদ্ধতিসহ সার্বিক বিষয় সম্পর্কে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে শুমারিকর্মীগণকে চার দিনব্যাপী তিন পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশ্নপত্রের প্রতিটি বিষয়ে স্বচ্ছ ধারণা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণে ম্যানুয়াল পদ্ধতির পাশাপাশি অডিও-ভিজ্যুয়াল ট্রেইনিং মডিউল ও ইন্টারঅ্যাকটিভ অ্যানিমেটেড ট্রেইনিং অ্যাপস ব্যবহার করা হয়।

শুমারির তথ্যসংগ্রহের সময় মাঠ পর্যায়ে উদ্ভূত বিভিন্ন সমস্যা/জিজ্ঞাসার তাৎক্ষণিক সমাধানের লক্ষ্যে বিবিএস সদর দপ্তরে একটি কল সেন্টার স্থাপন করা হয় এবং এর হটলাইন নম্বরটি জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয় যেন তারা শুমারিতে গণনাভুক্তির বিষয়ে প্রয়োজনে সরাসরি যোগাযোগ করতে পারে।

শুমারির গণনায় সকলের অন্তর্ভুক্তি নিশ্চিত করার লক্ষ্যে ব্যাপক প্রচার কার্যক্রম গ্রহণ করা হয়। প্রচার কার্যক্রমের শুরুতে শুমারি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক স্মারক ডাকটিকিট ও উদ্বোধনী খাম অবমুক্ত করা হয়। দেশের সকল মোবাইল ফোন ব্যবহারকারীকে মাননীয় প্রধানমন্ত্রী'র ভয়েস কল প্রেরণ করা হয়।

visualization on the screen of the NOC. Real-time monitoring of the progress of data collection as well as observing its quality are made possible through this system.

A total of 39 subject-matter teams are formed to carry out specific subject-matter activity for proper and successful implementation of Digital Census. As part of the pre-census activities, a high-level meeting chaired by the Cabinet Secretary is held to coordinate census operation. As a result, census Management becomes easier at the field level.

At first, a draft questionnaire is developed at the project level keeping the questionnaire of the last census 2011 and other relevant issues in consideration. After that, the final draft of the questionnaire is prepared incorporating the views of the stakeholders collected through several workshops/seminars, and adding the findings of its pre-test. Afterwards, a CAPI version of the questionnaire is developed and a pre-test is conducted to assess its performance. Based on the findings from the pre-test, the CAPI version of the questionnaire is finalized. The questionnaire contains 35 questions in two modules such as the Household Module and the Individual Module. To examine the entire processes of the main census, a pilot census is conducted just before the census operation.

Four days training in three phases are imparted to the census personnel to educate them on the overall contents of the questionnaire and the data collection technique as well. Alongside the training manual, an audio-visual training module and separate interactive animated training apps on each question are used to provide a clear idea about the census questionnaire.

A call center is set up at the BBS Headquarters to provide prompt solutions on subject matters and general queries of the census staff at various levels, which is also made open to all so that the people can communicate directly to the census team to be included in the census counting.

A wide range of campaign is carried out to convey census messages to every person of the country. At the beginning, a commemorative postal stamp and an inaugural envelope are released by by His Excellency the President of the People's Republic of Bangladesh. A Voice Call of the Honourable Prime Minister is

প্রচলিত সকল ধরনের প্রচার মাধ্যমের পাশাপাশি সোশ্যাল মিডিয়া যথা- ফেসবুক, হোয়াটসঅ্যাপ, ইউটিউব, ইনস্টাগ্রাম ইত্যাদি মাধ্যমেও শুমারির প্রচার চালানো হয়।

শুমারিতে সকলের গণনাভুক্তি নিশ্চিতকল্পে দেশের সমগ্র অঞ্চলকে ক্ষুদ্র ক্ষুদ্র এলাকায় বিভক্ত করে মোট ৩,৮১,০৫৩টি গণনা এলাকা গঠন করা হয়। মাঠপর্যায়ে শুমারি কার্যক্রমে ৩,৬৫,৭৯১জন গণনাকারী, ৬৩,৫৫০জন সুপারভাইজার, ৩,৭৭৯জন জোনাল অফিসার, ৩,৭৭৯জন আইসিটি সুপারভাইজার, ৫৫২জন উপজেলা শুমারি সমন্বয়কারী, ১৬৩জন জেলা শুমারি সমন্বয়কারী, ১২জন বিভাগীয় শুমারি সমন্বয়কারীসহ সর্বমোট প্রায় ৪,৩৭,০০০ শুমারিকর্মী বিভিন্ন দায়িত্বে সরাসরি নিয়োজিত ছিলেন।

শরীয়তপুর জেলায় শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ১ জন জেলা শুমারি সমন্বয়কারী, ৪জন উপজেলা শুমারি সমন্বয়কারী, ২৭জন জোনাল অফিসার, ২৭জন আইসিটি সুপারভাইজার, ৪৭১জন সুপারভাইজার ও ২,৭৩২জন গণনাকারী নিয়োজিত ছিলেন।

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এ মোডিফাইড ডি-ফ্যাক্টো পদ্ধতি অনুসরণপূর্বক লোকগণনা করা হয়। এ পদ্ধতিতে খানার সদস্যগণকে শুমারি মুহূর্তে খানায় গণনার পাশাপাশি কর্তব্যরত ও ভ্রমণরত সদস্যকেও তাদের নিজ নিজ খানায় গণনাভুক্ত করা হয়েছে। শুমারির শুরুতেই ১৪ জুন ২০২২ দিবাগত রাত ১২.০০টা হতে ১৫ জুন ২০২২ ভোর ৬.০০টা পর্যন্ত অর্থাৎ শুমারি রাতে সারাদেশে ভাসমান/ছিন্নমূল লোকগণনা সম্পন্ন করা হয়। ১৫ থেকে ২১ জুন ২০২২ পর্যন্ত সাতদিন দেশব্যাপী শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রম পরিচালিত হয়। উল্লেখ্য, শুমারি চলাকালে দেশের উত্তর-পূর্বাঞ্চলে আকস্মিক ভয়াবহ বন্যা দেখা দেয়ার কারণে শুমারির তথ্যসংগ্রহের সময়সীমা সুনামগঞ্জসহ বন্যাকবলিত চারটি জেলায় ২৮ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়। শুমারি অনুষ্ঠানের এক মাসের মধ্যে ২৭ জুলাই, ২০২২ তারিখে এর প্রাথমিক রিপোর্ট প্রকাশ করা হয়। উক্ত রিপোর্ট অনুযায়ী দেশের মোট গণনাকৃত জনসংখ্যা দাঁড়ায় ১৬,৫১,৫৮,৬১৬।

জাতিসংঘের গাইডলাইন অনুযায়ী শুমারি সম্পন্নের অব্যবহিত পর এর Coverage ও Content Error নিরূপণের লক্ষ্যে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর মাধ্যমে শুমারি পরবর্তী যাচাই (পিইসি) জরিপ পরিচালনা করা হয়। এ জরিপের ফলাফল অনুযায়ী জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর Net Coverage Error (NCE) নির্ণীত হয় ২.৭৫ শতাংশ যা বাংলাদেশের শুমারির ইতিহাসে সর্বনিম্ন। উক্ত NCE সমন্বয় করে দেশের সমন্বয়কৃত মোট জনসংখ্যা দাঁড়ায় ১৬,৯৮,২৮,৯১১। উল্লেখ্য, পিইসি জরিপে প্রাপ্ত ফলাফলের আলোকে সর্বনিম্ন বিভাগ পর্যায় পর্যন্ত সমন্বয়কৃত জনসংখ্যা নিরূপণ করা হয়েছে।

delivered to all mobile subscribers. In addition to the traditional medias, social platforms such as Facebook, WhatsApp, YouTube, Instagram, and so on are also used for census campaign.

In order to ensure the inclusion of all in the census, the entire country is fragmented into 3,81,053 Enumeration Areas with a tiny portion for each. Approximately 4,37,000 personnel are directly engaged in various activities of the census, which include 3,65,791 Enumerators, 63,550 Supervisors, 3,779 Zonal Officers, 3,779 ICT Supervisors, 552 Upazila Census Coordinators (UCC), 163 District Census Coordinators (DCC), and 12 Divisional Census Coordinators (DivCC).

For smooth implementation of census activities, 1 DCC, 4 UCCs, 27 zonal officers, 27 ICT supervisors, 471 supervisors and 2,732 enumerators are involved in Shariatpur District.

The Modified De-facto method is followed in the Population and Housing Census 2022. Under this method, members of households are enumerated in the place where they stay at the census moment, and the members who remain on duty or on journey at the census moment are enumerated at their usual residences. At the beginning, the floating population is counted on census night, from 12.00 o'clock at night of 14 June to 6.00 a.m. on 15 June 2022, across the country. Subsequently, the nationwide data collection activities are taken place for seven days from 15 to 21 June 2022. It is to be noted that, due to a sudden flash flood in the north-east region of the country, the data collection period is extended to 28 June 2022 in four flood affected districts including Sunamganj. After the successful completion of the census enumeration, the preliminary report is published in a month on 27 July 2022. According to the report, the total population of the country is 16,51,58,616.

The Post Enumeration Check (PEC) survey is carried out by Bangladesh Institute of Development Studies (BIDS) just after the census operation following UN Guidelines to assess the coverage and content error. As per the PEC survey findings, the Net Coverage Error (NCE) of the Population and Housing Census 2022 is found as 2.75%, which is noted as the lowest ever in the census history of Bangladesh. By adjusting the said NCE, the adjusted total population of the country stands at 16,98,28,911. Note that the adjusted population has been determined up to the lowest division level in light of the results obtained in the PEC survey.

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এ প্রাপ্ত তথ্যানুযায়ী শরীয়তপুর জেলার গণনাকৃত মোট জনসংখ্যা ১২,৯৪,৫৬২জন যার মধ্যে পুরুষ ৬,২১,৫০৬জন, নারী ৬,৭৩,০০৫জন ও হিজড়া ৫১জন। এ জেলায় পল্লি ও শহর এলাকায় বসবাসকারী জনসংখ্যার হার যথাক্রমে ৭৬.১০% ও ২৩.৯০%। বস্তিতে বসবাসকারী মোট জনসংখ্যা ২,৩৮৬জন এবং মোট ভাসমান জনসংখ্যা ১১১জন।

উপজেলাভিত্তিক উপাত্ত পর্যালোচনায় দেখা যায়, ভেদরগঞ্জে সর্বাধিক লোক বসবাস করে, ২,৭৮,২৯৩জন। পক্ষান্তরে ডামুড্যায় সবচেয়ে কম সংখ্যক লোক বাস করে, ১,২৩,৬৩৬জন। সাধারণ খানা, প্রাতিষ্ঠানিক খানা ও অন্যান্য খানায় বসবাসকারী জনসংখ্যার হার যথাক্রমে ৯৮.২২%, ১.২২% ও ০.৫৬%। জেলার সাধারণ খানার ক্ষেত্রে পুরুষ প্রধান খানা ৭৭.৫৮% ও নারী প্রধান খানা ২২.৪২%। জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী জেলার গড় বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার ১.০১% যা ২০১১ সালে ছিল ০.৬৫ শতাংশ। পুরুষ ও নারীর ক্ষেত্রে এ হার যথাক্রমে ০.৯৪% ও ১.০৭% শতাংশ। জেলার মোট জনসংখ্যার মধ্যে ০-৪ বছর বয়সী জনসংখ্যার হার সবচেয়ে বেশি ১০.৫২%। পুরুষের ক্ষেত্রে জনসংখ্যার হার সবচেয়ে বেশি (১১.১১%) ঐ একই বয়স-গ্রুপে এবং নারীর ক্ষেত্রে সবচেয়ে বেশি ১৫-১৯ বছর বয়স-গ্রুপে (১০.৩৩%)। অন্যদিকে ক্রমপুঞ্জিত শতকরা হার পর্যালোচনায় দেখা যায়, মোট জনগোষ্ঠীর মধ্যে ১৫ বছরের কম বয়সী জনসংখ্যা রয়েছে ৩১.০২%, ৩০ বছরের কম বয়সী রয়েছে ৫৭.৫৭% এবং ৬০ বছরের কম বয়সী রয়েছে ৮৮.৮৫%। জেলায় লিঙ্গানুপাত ৯২.৩৫, নির্ভরশীলতার অনুপাত ৬২.৩৫ এবং শিশু-নারী অনুপাত ৩৮১.৬৫। ১০ বছর ও তদূর্ধ্ব বয়সী জনগোষ্ঠীর মধ্যে ৬৩.৭১%, বর্তমানে বিবাহিত এবং ৩০.১০% অবিবাহিত। পুরুষ ও নারীর বিবাহের গড় বয়স যথাক্রমে ২৬.৫০ এবং ১৯.১৯ বছর। ধর্মভিত্তিক বিশ্লেষণে দেখা যায়, জেলায় বসবাসরত মোট জনসংখ্যার ৯৬.৬৮% মুসলিম, ৩.৩০% হিন্দু, ০.০২% বৌদ্ধ, ০.০১% খ্রিস্টান ও ০.০০২% অন্যান্য ধর্মাবলম্বী। প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ১৫,৫১১ যা জেলার মোট জনসংখ্যার ১.২০ শতাংশ।

জেলায় ৭ বছর ও তদূর্ধ্ব বয়সী জনগোষ্ঠীর সাক্ষরতার হার ৭২.৯০%। পুরুষ ও নারীর ক্ষেত্রে এ হার যথাক্রমে ৭৪.২০% ও ৭১.৭৩%। একই বয়সী জনগোষ্ঠীর ক্ষেত্রে পল্লি এলাকায় সাক্ষরতার হার ৭১.০১% ও শহর এলাকায় ৭৮.৮৮%। জেলার ৫-২৯ বছর বয়সী মোট পুরুষের মধ্যে ৫৬.৫৬% ও নারীদের মধ্যে ৫২.২৯% বর্তমানে শিক্ষার্থী। শিক্ষার ক্ষেত্র হিসেবে সাধারণ শিক্ষা

According to the Population and Housing Census 2022, the total enumerated population of Shariatpur district is recorded as 12,94,562 of which male is 6,21,506, female, 6,73,005 and hijra, 51. The percentages of population living in the rural and the urban areas are 76.10 and 23.90 respectively. The total population living in slum areas is 2,386 and the total population counted as floating is 111.

By upazila, it is evident that the highest number of population, 2,78,293 live in Bhedarganj while the lowest, 1,23,636 in Damudya. It is found that the percentages of population live in general, institutional and other households are 98.22, 1.22 and 0.56 respectively. In the case of general household, the percentage of male headed households is 77.58 and female headed households, 22.42. The average annual growth rate of population of the district is 1.01% which was 0.65% in 2011. The rates are 0.94% for male and 1.07% for female. The highest, 10.52% of the total population belong to the age of 0-4 years. In the case of male, the percentage is the highest, 11.11 for the same age group, but for female, it is the highest, 10.33 for the age of 15-19 years. On the contrary, analyzing the figures by cumulative percentages, it is found that the population below 15 years and 30 years, and 60 years are 31.02, 57.57 and 88.85, respectively. The sex ratio is evident at 92.35, dependency ratio, 62.35 and child-woman ratio, 381.65 in the district. Out of the population aged 10 years and above, currently married population is 63.71% and never married, 30.10%. The singulate mean age at marriage for male and female are 26.50 and 19.19 years respectively. It is observed from the data that, the percentages of Muslim, Hindu, Buddhist, Christian and others religion are 96.68, 3.30, 0.02, 0.01 and 0.002 respectively in the district. The total number of persons with disabilities is reported as 15,511, which is 1.20% of the total population of the district.

The literacy rate of the population aged 7 years and above is 72.90%, which is 74.20% for male and 71.73% for female. The rate is recorded as 71.01% in the rural areas while it is 78.88% in the urban areas for the population of the same age group. The percentage of currently student of male and female of age 5-29 years are 56.56 and 52.29 respectively.

সর্বোচ্চ, ৮৯.৬৭%; এরপর রয়েছে ধর্মীয় শিক্ষা ৬.৭৭%, কারিগরি শিক্ষা ০.৬৬% ও অন্যান্য ক্যাটাগরির শিক্ষা ২.৯১%।

Considering the field of education, it is evident that, general education holds the outstanding share with 89.67%, religious, 6.77%, technical, 0.66% and others, 2.91%.

জেলার ৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনগোষ্ঠীর মধ্যে কাজে নিয়োজিত ২৯.৬৪%, গৃহস্থালী কাজে নিয়োজিত ৩০.৪০%, বর্তমানে কাজ খুঁজছে ১.৭৪%, এবং ৩৮.২২% কোনো কাজ করছে না। বর্ণিত বয়সী কাজে নিয়োজিত জনগোষ্ঠীর মধ্যে পুরুষ ৮৭.২২% ও নারী ১২.৭৮%। অন্যদিকে ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী মোট জনসংখ্যার মধ্যে কাজে নিয়োজিত রয়েছে ৩৮.১০%। মোট কর্মরত জনসংখ্যার মধ্যে সর্বাধিক ৫২.৬০% বেতন/মজুরির বিনিময়ে কাজ করে। মোট কাজে নিয়োজিত জনগোষ্ঠীর মধ্যে ৪৫.৫৮% কৃষিখাতে, ৪১.৫৮% সেবাখাতে এবং ১২.৮৪% শিল্পখাতে কর্মরত রয়েছে। এছাড়া, ১৫ হতে ২৪ বছর বয়সীদের মধ্যে যারা শুমারিকালে কোনোরূপ শিক্ষা, অর্থনৈতিক কাজ বা প্রশিক্ষণে নিয়োজিত ছিলেন না এমন জনগোষ্ঠীর (NEET Population) সংখ্যা ৯২,০৬৪ যা বর্ণিত বয়সী মোট জনসংখ্যার ৩৮.৬১%।

Out of the total population aged 5 years and above, 29.64% are employed, 30.40% are engaged in household work, 1.74% are looking for work, and 38.22% do not work. By sex, it is seen that the proportion of male and female in the employed population is 87.22% and 12.78% respectively. Conversely, out of the total population of age 15 years and above, the percentage of employed population is recorded as 38.10. It is found that out of the total employed population, the highest 52.60% are engaged for salary/wages. The highest 45.58% of the total employed population are engaged in agriculture sector followed by 41.58% in service and 12.84% in industry sector. The population aged 15-24 years, who were not in education, employment or training (NEET) during the census period, is reported as 92,064, which is 38.61% of the total population of the said age group of the district.

জেলার ৫ বছর ও তদূর্ধ্ব বয়সী মোট জনগোষ্ঠীর মধ্যে ৫৫.৯৪% এর নিজস্ব ব্যবহারের জন্য মোবাইল ফোন রয়েছে। অপরদিকে ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী মোট জনসংখ্যার মধ্যে ৭১.৬২ শতাংশের নিজস্ব ব্যবহারের জন্য মোবাইল ফোন রয়েছে। জেলার ৫ বছর ও তদূর্ধ্ব বয়সী মোট জনগোষ্ঠীর ৩২.৫৮ শতাংশ ইন্টারনেট ব্যবহারকারী। অন্যদিকে, ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনগোষ্ঠীর মধ্যে ইন্টারনেট ব্যবহারকারীর হার ৪০.০২ শতাংশ। ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনগোষ্ঠীর মধ্যে যাদের একক বা যৌথভাবে আর্থিক প্রতিষ্ঠানে অ্যাকাউন্ট রয়েছে এবং শুমারি পূর্ববর্তী ১২ মাসে অ্যাকাউন্টের মাধ্যমে কমপক্ষে একবার আর্থিক লেনদেন করেছেন তাদের শতকরা হার ২৪.১৪। ঐ একই বয়সীদের মধ্যে মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট ব্যবহারকারীর হার ৩৭.১০ শতাংশ।

In the district, of the total population aged 5 years & above, 55.94% have been reported as having mobile phones for their own use, and it is 71.62% for the population aged 15 years and above. Out of the total population aged 5 years & above, 32.58% are reported as internet users while it is 40.02% for the population aged 15 years and above. The analysis shows that 24.14% of the total population aged 15 years & above have a single or joint account with any financial institution in which they have made at least one transaction in the previous twelve months of the census. The percentage of persons of the same age group having mobile banking accounts is evident as 37.10 in the district.

জেলায় মোট ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত জনসংখ্যা ৪৩৮জন যার মধ্যে পুরুষ ২৩২জন ও নারী ২০৬জন। এ শ্রেণির জনগোষ্ঠীর সর্বাধিক ৩৪৯জন শরীয়তপুর সদরে এবং দ্বিতীয় সর্বাধিক ৪৮জন গোসাইরহাট উপজেলায় বসবাস করে।

The total number of ethnic population in the district is 438, of which male is 232 and female, 206. The highest, 349 persons of that category are living in Shariatpur Sadar followed by 48 in Gosairhat.

জেলার মোট খানার সংখ্যা ৩,০৮,৯৬৪টি যার মধ্যে ২,৩৪,৩৬৬টি পল্লিতে ও ৭৪,৫৯৮টি শহরাঞ্চলে অবস্থিত। বস্তি খানা ৫৭৬টি এবং

The total number of households in the district enumerated at 3,08,964, of which 2,34,366 are located in the rural areas and 74,598 in the urban areas. A total

মোট ভাসমান খানা ৮৪টি। ভাসমান ব্যতীত জেলার মোট খানার সংখ্যা ৩,০৮,৮৮০ যার মধ্যে সাধারণ খানা ৩,০৬,৩২০, প্রাতিষ্ঠানিক খানা ৩৪৯ ও অন্যান্য খানার সংখ্যা ২,২১১টি।

জেলার মোট সাধারণ খানার মধ্যে সর্বোচ্চ ৫৪.৬৫ শতাংশের প্রধান বসতঘরের মেঝে মাটি/বালি/কাদা দিয়ে তৈরি। অন্যদিকে ৭৪.৫৬ শতাংশের প্রধান বসতঘরের দেয়াল ধাতব টিন/সিআই শিট/ঢেউটিন দিয়ে তৈরি। মোট সাধারণ খানার মধ্যে সর্বোচ্চ ৮৬.৮৬ শতাংশের বসতঘরের ছাদ/ছাউনি ধাতব টিন/সিআই শিট/ঢেউটিন দিয়ে তৈরি এবং ১২.১২ শতাংশ বসতঘরের ছাদ সিমেন্ট/কংক্রিট/টালি দিয়ে তৈরি। জেলায় সর্বোচ্চ সংখ্যক খানার প্রধান বসতঘরের কাঠামো কাঁচা (৭৭.৭৫%) এবং দ্বিতীয় সর্বোচ্চ এর বসতঘরের কাঠামো পাকা (১১.৬৭%)। জেলার সর্বমোট বাসগৃহের সংখ্যা ৩,৪২,৮৪০ যার মধ্যে ২,৬৬,৬৩২টি পল্লিতে ও ৭৬,২০৮টি শহরে অবস্থিত। জেলার ৯২.২১% খানা নিজস্ব মালিকানাধীন বাসগৃহে বসবাস করে।

জেলার ৯৯.১৮% খানার খাবার পানির প্রধান উৎস গভীর/অগভীর টিউবওয়েল। খাবার পানির প্রধান উৎস হিসেবে জেলার ০.৭২% খানা ট্যাপ/পাইপ (সাপ্লাই) এর পানি ব্যবহার করে। জেলার ৫০.৬০% খানায় ফ্লাশ করে/পানি ঢেলে নিরাপদ নিষ্কাশন সম্বলিত টয়লেট সুবিধা রয়েছে। অন্যদিকে ফ্লাশ করে/পানি ঢেলে অনিরাপদ নিষ্কাশন সম্বলিত টয়লেট রয়েছে জেলার ১৩.৪৫% খানায়। জেলার ৮০.২২% খানায় 'একক' টয়লেট ব্যবহার করা হয় এবং ৭৩.০৮% খানায় সাবান ও পানিসহ হাতধোয়ার পৃথক ব্যবস্থা রয়েছে।

জেলার মোট ৯৯.৬২% খানায় বিদ্যুৎ সংযোগ রয়েছে। জেলার সর্বাধিক সংখ্যক অর্থাৎ ৮৩.০৭% খানা রান্নার জ্বালানি হিসেবে কাঠ/খড়ি/লাকড়ি ব্যবহার করে। রান্নার জ্বালানি হিসেবে এলপি গ্যাস ব্যবহার করে জেলার ৫.৫৪% খানা।

জেলার সর্বমোট ৬০,৭১২টি খানা প্রবাস আয় গ্রহণ করে যার মধ্যে সর্বাধিক ২৯.৭৪% খানার অবস্থান নড়িয়া উপজেলায় এবং দ্বিতীয় অবস্থানে রয়েছে ভেদরগঞ্জ, ২৩.৪৮%।

জেলার খানার গড় আকার ক্রমান্বয়ে হ্রাস পেয়ে ২০২২ সালে দাঁড়িয়েছে ৪.১৫ যা ১৯৮১ সালে ছিল ৫.২৭। খানার সদস্য সংখ্যা বিবেচনায় জেলায় ৫ সদস্য বিশিষ্ট খানা রয়েছে সর্বাধিক, ১,০৫,৫৪১ টি যা মোট খানার ২০.০৯ শতাংশ।

of 576 slum households and 84 floating households are also accounted. The total number of households except for floating is recorded as 3,08,880, of which the general households are 3,06,320, institutional households, 349 and other type of households, 2,211.

In the total general households of the district, the highest, 54.65% of the floor of main dwellings are made of soil/sand/mud and the highest, 74.56% have used metal sheet/CI sheet/corrugated iron sheet as the wall materials. It is also evident that the highest 86.86% of the total households have used metal sheet/CI sheet/corrugated iron sheet, as roof materials followed by cement/concrete/tale, 12.12%. It is observed that in the case of the main dwelling structure, *kancha* holds the highest share with 77.75%, followed by *pucca,* 11.67%. The total number of dwellings in the district is 3,42,840, of which 2,66,632 are located in the rural areas and 76,208 in the urban areas. It is manifested that 92.21% of the total households in the district live in their own dwellings.

Most of the households (99.18%) of the district use deep/shallow tube-well as the main source of drinking water. Besides, 0.72% of households use tap/pipe (supply) water for drinking. In the district, 50.60% of the total households has the toilet facilities with safe disposal by flushing/pouring water. On the contrary, the percentage of households having the toilet facilities with unsafe disposal with flushing/ pouring water is 13.45. It is observed that 80.22% of the total households use toilets with no sharing and 73.08% have separate handwashing facilities with 'Soap and Water' in the district.

It is observed that as many as 99.62% of households are under electricity coverage in the district. It is apparent that, in total, 83.07% of households use wood/chalk/chopped wood as the main source of cooking fuel and 5.54%, LP gas.

The total number of remittance recipient households in the district is recorded as 60,712, of which the highest, 29.74% is accounted for in the Naria upazila followed by 23.48% in Bhedarganj.

The average size of general households gradually decreased to 4.15 in 2022 from 5.27 in 1981. Considering the number of members, the five-member households scored the highest, with 1,05,541, which is 20.09% of the total households in the district

অধ্যায় ১
Chapter 1

অধ্যায় ১: উপক্রমণিকা
Chapter 1: Introduction

১. ১ পটভূমি

স্বাধীনতা উত্তর বাংলাদেশে নীতিনির্ধারণ ও পরিকল্পনা প্রণয়নে পরিসংখ্যানের গুরুত্ব অনুধাবন করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালের ২৬ আগস্ট তৎকালীন চারটি সংস্থা যথা- পরিকল্পনা কমিশনের অধীন পরিসংখ্যান ব্যুরো, কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি পরিসংখ্যান ব্যুরো ও কৃষি শুমারি কমিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আদমশুমারি কমিশনকে একত্রিত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রতিষ্ঠা করেন। জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসেবে এ সংস্থাটি নিয়মিতভাবে আর্থসামাজিক, জনমিতিক, শিক্ষা, স্বাস্থ্য, বাণিজ্য, জাতীয় উৎপাদ, জাতীয় আয় নিরূপণ, পরিবেশ ও জলবায়ুসহ বিভিন্ন সেক্টরের তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও প্রকাশ করে থাকে। বর্তমানে বিবিএস এর সকল কার্যক্রম পরিসংখ্যান আইন, ২০১৩ এর আওতায় পরিচালিত হয়।

জনশুমারি ও গৃহগণনা এর বৈশিষ্ট্য, বিস্তার ও কর্মপরিধির কারণে বাংলাদেশসহ বিশ্বের প্রায় সকল দেশে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও সর্ববৃহৎ পরিসংখ্যানিক কার্যক্রম হিসেবে সুপরিচিত। জাতিসংঘের Department of Economic and Social Affairs, Statistics Division কর্তৃক প্রণীত গাইডলাইন Principles and Recommendations for Population and Housing Censuses (Revision-3) অনুযায়ী, জনশুমারি হচ্ছে নির্দিষ্ট সময়ে একটি দেশ বা নির্ধারিত সীমানার মধ্যে বসবাসকারী সকল ব্যক্তির জনমিতিক ও আর্থসামাজিক তথ্য ক্ষুদ্রতম ভৌগোলিক স্তর পর্যন্ত সংগ্রহ, সংকলন ও প্রকাশের সামগ্রিক প্রক্রিয়া। জনশুমারি ও গৃহগণনা কার্যক্রমের মূলত দুটি অংশ রয়েছে-

(১) জনশুমারি- নির্দিষ্ট সময়ে একটি দেশে বসবাসরত প্রতিটি ব্যক্তির আর্থসামাজিক ও জনমিতিক তথ্য-উপাত্ত ক্ষুদ্রতম ভৌগোলিক স্তর (গ্রাম/মহল্লা) পর্যন্ত সংগ্রহ ও প্রকাশ; এবং

(২) গৃহগণনা- নির্দিষ্ট সময়ে একটি দেশের সকল আবাসিক ইউনিটের সংখ্যা, কাঠামোগত অবস্থা ও বিদ্যমান সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য-উপাত্ত ক্ষুদ্রতম ভৌগোলিক স্তর (গ্রাম/মহল্লা) পর্যন্ত সংগ্রহ ও প্রকাশ।

1.1 Background

After the independence of Bangladesh the father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman established Bangladesh Bureau of Statistics (BBS) on August 26, 1974 by merging the then four organizations namely the Bureau of Statistics under the Planning Commission, the Bureau of Agriculture Statistics and the Agriculture Census Commission under the Ministry of Agriculture, and the Population Census Commission under the Ministry of Home Affairs realizing the importance of statistics in policy making and accurate planning. As the National Statistics Office (NSO), BBS is entrusted with the responsibilities of collecting, compiling, analysing, evaluating and disseminating official statistics regularly on various sectors, including socio-economic, demographic, health, education, trade, national accounts, environment and climate and so on. BBS has been functioning now under the purview of the Statistics Act of 2013.

Like other countries, the Population and Housing Census, due to its nature and robustness, is regarded as Bangladesh's the most significant and colossal statistical undertaking. According to the "Principles and Recommendations for Population and Housing Censuses (Revision-3)" of the United Nations Department of Economic and Social Affairs, Statistics Division's Guideline, A Population Census is the total process of planning, collecting, compiling, evaluating, analysing and disseminating demographic, economic and social data at the smallest geographic level pertaining, at a specified time, to all persons in a country or in a well-delimited part of a country. The Population and Housing Census consists mainly of two parts-

(1) The Population Census, which provides socio-economic and demographic information on every person living in a country at a point in time, down to the smallest geographical unit;

(2) The Housing Census, which provides data on all dwelling units prevailing in a country, their conditions, and facilities available, down to the smallest geographical unit.

জনশুমারি ও গৃহগণনা এর মূল উদ্দেশ্য হলো দেশের ভৌগোলিক সীমার মধ্যে বসবাসরত জনগোষ্ঠীর পাশাপাশি তাদের বাসগৃহের সঠিক হিসাব নিরূপণ করা। তাছাড়া, দেশের জনগণের জনমিতিক ও আর্থসামাজিক মৌলিক বৈশিষ্ট্য এবং তাদের বাসগৃহের কাঠামো ও বিদ্যমান সুযোগ-সুবিধা সম্পর্কে তথ্য সংগ্রহ ও প্রকাশ করা জনশুমারির অন্যতম উদ্দেশ্য। উল্লেখ্য, জনশুমারির তথ্য-উপাত্ত নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক, গণমাধ্যম, উন্নয়ন সহযোগীসহ অন্যান্য ব্যবহারকারী কর্তৃক জাতীয় ও স্থানীয় পর্যায়ে উন্নয়ন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নে বেঞ্চমার্ক উপাত্ত হিসেবে ব্যবহার করা হয়।

স্বাধীন বাংলাদেশে প্রথম আদমশুমারি পরিচালনা করা হয় ১৯৭৪ সালে। দ্বিতীয়টি পরিচালনা করা হয় ১৯৮১ সালে। এরপর থেকে দশ বছর অন্তর নিয়মিত শুমারি পরিচালিত হয়ে আসছে। এরই ধারাবাহিকতায় পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা ২০১১ সালে অনুষ্ঠিত হয়। দশ বছরের পর্যাবৃত্তি অনুসরণ করে দেশের ষষ্ঠ জনশুমারি ২০২১ সালে অনুষ্ঠানের পরিকল্পনা থাকলেও বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে তা সম্ভব হয়নি। কোভিড-১৯ পরবর্তীকালে ১৫-২১ জুন ২০২২ সময়সীমায় একযোগে সারাদেশে জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম পরিচালনা করা হয়। উল্লেখ্য, পরিসংখ্যান আইন, ২০১৩ এর ৬(গ) ধারায় 'আদমশুমারি' শব্দের পরিবর্তে 'জনশুমারি' গৃহীত হওয়ায় দেশের ষষ্ঠ শুমারি 'জনশুমারি ও গৃহগণনা' নামে পরিচালিত হয়। এটি দেশের ইতিহাসে প্রথম ডিজিটাল জনশুমারি ও গৃহগণনা যাতে ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহার করে সম্পূর্ণ Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে মাঠপর্যায় হতে তথ্যসংগ্রহ করা হয়।

১.২ প্রথম ডিজিটাল শুমারি সম্পাদনের লক্ষ্যে গৃহীত বিশেষ পদক্ষেপসমূহ

যেহেতু জনশুমারি ও গৃহগণনা ২০২২ বাংলাদেশে পরিচালিত প্রথম ডিজিটাল শুমারি সেহেতু এই শুমারি পরিচালনার ক্ষেত্রে বিশেষ কিছু ব্যবস্থা গৃহীত হয় যা নিম্নরূপ:

- Geographic Information System (GIS) ও Geo-code এর সমন্বয়ে প্রস্তুতকৃত ডিজিটাল ম্যাপ ব্যবহারের মাধ্যমে সহজে গণনা এলাকা চিহ্নিতকরণ;
- ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্যসংগ্রহ;

The main objective of the Population and Housing Census is to provide accurate data on the population living in the geographical territories of the country, together with their dwellings. Furthermore, one of its vital objectives is to provide data on vital demographic characteristics of the population, and the structure and facilities available in their dwellings. The policymakers, planners, researchers, media personnel, development partners, and other stakeholders use the census data as the benchmark for formulating and implementing local and national plans and programs for overall development.

After the independence of Bangladesh, BBS conducted the first Population Census in 1974. The second was conducted in 1981. Since then, censuses have been conducted following a periodicity of ten years. In connection with this, the fifth Population and Housing Census was undertaken in 2011. Following the ten year periodicity, the 6th population and housing census was supposed to be conducted in 2021, but it was not possible due to the global pandemic, COVID-19. Therefore, the census is conducted immediately after the COVID-19 from 15-21 June 2022 all over the country at a time. As per Section 6 (c) of the Statistics Act, 2013, previously conducted "*Adamshumari"* is now termed "*Janoshumari"* in Bengali. It is the first digital census in the history of the country in which data are collected using a digital device Tablet following the Computer Assisted Personal Interviewing (CAPI) method.

1.2 Special Measures taken to implement the First Digital Census

Since the Population and Housing Census 2022 is the first digital census ever conducted in Bangladesh, some special arrangements had to be taken in conducting the census, which are as follows:

- Using digital maps developed by integrating Geographic Information System (GIS) and Geo-code to easily and clearly identify the Enumeration Areas (EAs);
- Collecting data with digital device tablets using Computer Assisted Personal Interviewing (CAPI) method;

- সংগৃহীত তথ্যের যথাযথ সংরক্ষণ ও নিরাপত্তা নিশ্চিতকল্পে Tier IV ডাটা সেন্টার ব্যবহার এবং তথ্য হ্যাকিং প্রতিরোধে মাল্টিলেয়ার ফায়ারওয়াল (Multilayer Firewall) স্থাপন;

- ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা নিশ্চিতে মাঠ পর্যায় থেকে সংগৃহীত সকল তথ্য এনক্রিপটেড (encrypted) অবস্থায় বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল) হয়ে বিবিএস এর সার্ভারে আনা;

- শুমারির যাবতীয় কার্যক্রমের সুষ্ঠু ও যথাযথ পরিচালনার জন্য ওয়েবভিত্তিক ইনটিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (আইসিএমএস) ব্যবহার;

- বিবিএস সদর দপ্তরে নেটওয়ার্ক অপারেশন্স সেন্টার (এনওসি) স্থাপন এবং এর মাধ্যমে মাঠ পর্যায়ের তথ্যসংগ্রহ কার্যক্রমের অগ্রগতি রিয়েল টাইম মনিটরিং-এর পাশাপাশি তথ্যের গুণগতমান সরাসরি পর্যবেক্ষণ;

- বিবিএস সদর দপ্তরে কল সেন্টার স্থাপন এবং এর মাধ্যমে শুমারির তথ্যসংগ্রহের সময় মাঠ পর্যায়ে উদ্ভূত বিভিন্ন সমস্যার তাৎক্ষণিক সমাধান প্রদান;

- শুমারির গণনা থেকে কোনো ব্যক্তি যাতে বাদ না পড়ে বা সরাসরি ফোনে যোগাযোগের মাধ্যমে গণনায় অন্তর্ভুক্ত হতে পারে সে লক্ষ্যে কল সেন্টারের হট লাইন নম্বর সকলের জন্য উন্মুক্তকরণ;

- প্রচলিত প্রচার মাধ্যমের পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমসহ সকল ধরনের অনলাইন প্ল্যাটফর্মে শুমারির নিবিড় ও কার্যকর প্রচার কার্যক্রম পরিচালনা।

১.৩ শুমারির প্রস্তুতি

জনশুমারি ও গৃহগণনা সর্ববৃহৎ পরিসংখ্যানিক কার্যক্রম বিধায় এ শুমারি সফলভাবে পরিচালনার জন্য ব্যাপক প্রস্তুতির প্রয়োজন হয়। যেহেতু জনশুমারি ও গৃহগণনা ২০২২ দেশের প্রথম ডিজিটাল শুমারি সেহেতু এর প্রতিটি ধাপ অত্যন্ত নিখুঁতভাবে সম্পাদন করা হয়। এ কার্যক্রম শুরু হয় ২০১৯ সালে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প অনুমোদনের মাধ্যমে। শুমারিটি যথাযথ পরিচালনার লক্ষ্যে প্রথমেই একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় যার আলোকে পরবর্তীতে সকল কার্যক্রম সম্পাদিত হয়। শুমারির প্রস্তুতিমূলক কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রমগুলো হলো-

(১) জোনাল অপারেশন (২) ডিজিটাল ম্যাপ প্রস্তুত ও জিও-কোড হালনাগাদকরণ (৩) ইনটিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (আইসিএমএস) প্রস্তুত (৪) নেটওয়ার্ক অপারেশন্স সেন্টার

- Ensuring proper storage and utmost security of data, using the data centre with Tier IV Security, and installatiing of a multilayer firewall to prevent any kind of hacking;

- Transmitting data from the field to the BBS server through Bangladesh Data Center Company Limited (BDCCL), in completely encrypted form to protect the confidentiality of individual's information;

- Using a web-based Integrated Census Management System (ICMS) to ensure effective management of all activities of the census;

- Establishing a Network Operations Centre (NOC) in the BBS headquarters for real-time monitoring of the progress of data collection, as well as to observe the quality of data directly in various dimensions;

- Establishing a Call Centre in the BBS headquarters to provide instant solutions to various problems that emerged at the field level during data collection;

- Opening the hotline number of the Call Centre for the people so that they could be included in the enumeration by themselves connecting via phone;

- In addition to the traditional approaches, using all types of online platforms including social media for the effective campaign of the census.

1.3 Census Preparation

As the Population and Housing Census is a gigantic statistical undertaking, a wide range of preparatory activities is needed to conduct the census successfully. Since the Population and Housing Census 2022 is the first digital census, every step of its preparation is taken very carefully and efficiently. The preparation begins in 2019 through the approval of the 'Population and Housing Census 2021 Project'. In order to conduct the census perfectly, at first a 'Time-bound Action Plan' is prepared and subsequently, all activities are carried out accordingly. The major preparatory activities of the census are as follows: -

(1) Zonal operations (2) Developing digital maps and updating of geo-code (3) Developing Integrated Census Management System (ICMS) (4) Establishing Network Operations Centre (NOC) (5) Developing

(এনওসি) স্থাপন (৫) আইসিটি অবকাঠামো ও ব্যবস্থাপনা (৬) প্রশ্নপত্র প্রণয়ন (৭) প্রশ্নপত্রের CAPI version প্রস্তুত ও প্রিটেস্ট (৮) পাইলট শুমারি পরিচালনা (৯) শুমারিকর্মীগণের প্রশিক্ষণ প্রদান ইত্যাদি। শুমারির প্রস্তুতিমূলক কার্যক্রমসমূহ সংক্ষেপে নিম্নে বর্ণনা করা হলো

১.৩ (ক) জোনাল অপারেশন

জোনাল অপারেশনের মাধ্যমে শুমারির মাঠ পর্যায়ের প্রস্তুতিমূলক কার্যক্রম শুরু করা হয়। উক্ত প্রক্রিয়ার অংশ হিসেবে এবারের শুমারিতে মোট তিনটি জোনাল অপারেশন পরিচালনা করা হয়। এ সকল জোনাল অপারেশনে মূলত গণনা এলাকা গঠন ও এর ম্যাপ প্রণয়ন, জিও-কোড হালনাগাদকরণ, প্রশিক্ষণ কেন্দ্র নির্ধারণ, এবং সংরক্ষিত এলাকার (ক্যান্টনমেন্ট, পুলিশ ব্যারাক ইত্যাদি) তালিকা ও সংশ্লিষ্ট এলাকার গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের (ভিআইপি) তালিকা প্রণয়ন করা হয়। এছাড়া মাঠপ্রশাসনের সহায়তায় শুমারিকর্মী (গণনাকারী ও সুপারভাইজার) বাছাইপূর্বক নিয়োগের পাশাপাশি মাঠ পর্যায়ের পরিসংখ্যান কার্যালয়গুলোর মাধ্যমে সংগৃহীত সকল তথ্য-উপাত্ত জিও-কোড ভিত্তিক আইসিএমএস সফটওয়্যারে ধারণ করা হয়। পরবর্তীকালে জিও-কোডের সাথে গণনা এলাকা, সুপারভাইজিং এলাকা, শুমারি পরিচালনার লক্ষ্যে প্রস্তুতকৃত অন্যান্য সকল ম্যাপ আইসিএমএস এর মাধ্যমে ইন্টিগ্রেশন করা হয়। সুতরাং বলা যেতে পারে জোনাল অপারেশনগুলো যথাযথ, বাস্তবসম্মত ও অন্তর্ভুক্তিমূলক হওয়ায় মূল শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রম সহজ, সাবলীল ও সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভব হয়েছে।

১.৩ (খ) ডিজিটাল ম্যাপ প্রস্তুত ও জিও-কোড হালনাগাদকরণ

শুমারি ও জরিপের পাশাপাশি অন্যান্য পরিসংখ্যানিক কার্যক্রম যথাযথ পরিচালনা করার লক্ষ্যে বিবিএস নিজস্ব ব্যবস্থাপনায় দেশের প্রশাসনিক এলাকার সর্বনিম্ন স্তর অর্থাৎ গ্রাম ও মহল্লা পর্যন্ত স্বতন্ত্র কোড প্রণয়ন করে যা জিও-কোড হিসেবে পরিচিত। যেহেতু ক্রমাগত দেশে নতুন নতুন প্রশাসনিক ইউনিট গঠন করা হয় সেহেতু হালনাগাদ প্রশাসনিক স্তর বিন্যাস অনুযায়ী নির্ভুল তথ্য প্রদানের লক্ষ্যে শুমারির প্রস্তুতিমূলক কাজের অংশ হিসেবে জোনাল অপারেশনের আওতায় গ্রাম/মহল্লা পর্যন্ত দেশের সকল প্রশাসনিক ইউনিটের জিও-কোড হালনাগাদ করা হয়। গণনা এলাকার ডিজিটাল ম্যাপ প্রণয়নের লক্ষ্যে প্রথমে সেন্টার ফর এনভায়রনমেন্ট অ্যান্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস) এর মাধ্যমে পাঁচটি বিদেশি প্রতিষ্ঠান (Gaofen-2, Triplesat-2, KOMPSAT-2, KOMPSAT-3, KOMPSAT-3A) থেকে

ICT Infrastructure (6) Designing Census Questionnaire (7) Developing and pretesting the CAPI Apps on census questionnaire (8) Conducting the Pilot Census (9) Imparting training to census workers etc. The census preparatory works are briefly described below-

1.3 (a) Zonal Operation

The field-level census preparation begins through the Zonal Operations. A total of three Zonal Operations are carried out as part of the census preparations. The census preparatory activities such as forming EAs mapping, updating of geo-codes corresponding to all administrative units, identifying training centres, enlisting the restricted areas, and preparing the list of VIPs residing in the EAs are carried out under the Zonal Operations. Additionally, enumerators and supervisors are selected and appointed by the 'Selection Committee' with the help of field administrations. In order to run the census perfectly to the extent possible, including geo-code, all other information is made entry into the Integrated Census Management System (ICMS), installed at the BBS headquarters, from the field during the Zonal Operations. All maps, including EAs and supervising areas with Geo-code are integrated through ICMS under the Zonal Operations. As zonal operations are conducted properly, realistically and inclusively, it has been possible to carry out census data collection activities easily, smoothly and efficiently.

1.3 (b) Digital Map Preparation and Updating of Geo-Code

In order to manage censuses, surveys and other statistical activities appropriately, the unique codes developed by BBS to uniquely identify all administrative units down to the lowest tier village/mohalla - are known as Geo-code. As new administrative units have been continuously forming across the country, the Geo-codes are updated as part of census preparatory work under the Zonal Operation, to provide accurate data corresponding to administrative units. To develop digital maps of enumeration areas, in the beginning, satellite images are collected from five foreign companies (Gaofen-2, Triplesat-2, KOMPSAT-2, KOMPSAT-3, KOMPSAT-3A) through the Center for Environment and Geographic Information Services (CEGIS). Subsequently, the sketch maps of the EAs developed at the field, are super-imposed

স্যাটেলাইট ইমেজ সংগ্রহ করা হয়। পরবর্তীতে জোনাল অপারেশনের আওতায় প্রস্তুতকৃত গণনা এলাকার স্কেচ ম্যাপ সংশ্লিষ্ট এলাকার স্যাটেলাইট ইমেজের উপর সুপারইম্পোজ করা হয়। এরপর শুমারির গণনা এলাকা সঠিকভাবে চিহ্নিত করার লক্ষ্যে জিআইএস ও জিও-কোড এর সমন্বয়ে ডিজিটাল ম্যাপ প্রস্তুত করা হয়। শুমারিতে সকলের অন্তর্ভুক্তি ও তথ্যের সর্বোচ্চ গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে এ শুমারিতে প্রথমবারের মতো সুপারভাইজার কন্ট্রোল ম্যাপ, জোনাল অফিসার কন্ট্রোল ম্যাপ, উপজেলা শুমারি সমন্বয়কারীর (ইউসিসি) কন্ট্রোল ম্যাপ, জেলা শুমারি সমন্বয়কারীর (ডিসিসি) কন্ট্রোল ম্যাপ ও বিভাগীয় শুমারি সমন্বয়কারীর (ডিভসিসি) কন্ট্রোল ম্যাপ ডিজিটাল পদ্ধতিতে প্রস্তুত করা হয়। তথ্যসংগ্রহের সময় গণনা এলাকার সীমানা যথাযথ চিহ্নিতকরণের সুবিধার্থে ম্যাপে সঠিক লিজেন্ড ও পর্যাপ্ত সংখ্যক ল্যান্ডমার্ক যুক্ত করা হয়। শুমারিকর্মীদের গণনা এলাকা সম্পর্কে স্পষ্ট ধারণা প্রদানের নিমিত্ত কন্ট্রোল ম্যাপসমূহে ইনডেক্স ম্যাপও যুক্ত করা হয়। এ পদ্ধতি মূলত শুমারির কভারেজ এরর (coverage error) কমাতে উল্লেখযোগ্য ভূমিকা রাখে।

১.৩ (গ) ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (আইসিএমএস)

দেশের প্রথম ডিজিটাল শুমারি যথাযথ পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য একটি ওয়েবভিত্তিক ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (আইসিএমএস) প্রস্তুত করা হয়। এটি এমন একটি ডিজিটাল অবকাঠামো যার মধ্যে গণনাকারী থেকে শুরু করে কেন্দ্রীয় মনিটরিং কর্মকর্তা পর্যন্ত সকল শুমারিকর্মীর নাম, পদবি, ঠিকানা, মোবাইল ফোন নম্বরসহ শুমারি সংশ্লিষ্ট যাবতীয় তথ্য-উপাত্ত বিস্তারিতভাবে সন্নিবেশিত থাকে। গণনাকারী থেকে শুরু করে সকল পর্যায়ের শুমারিকর্মীগণকে কোন এলাকায় কী দায়িত্ব পালন করবেন, জিওকোড ব্যবহার করে গণনা এলাকা কীভাবে চিহ্নিত করবেন, ডিজিটাল ম্যাপ ব্যবহারের কৌশলসহ শুমারির যাবতীয় কার্যক্রম ব্যবস্থাপনার অনন্য ভাণ্ডার হিসেবে আইসিএমএস শুমারি সুসম্পাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

on the satellite images. After that, with the integration of Geographic Information System (GIS) and Geo-code, the digital maps are developed to delineate the EAs properly. Various kinds of maps like Enumerator's Maps, Supervisor's Control Maps, Zonal Officer's Control Maps, Upazila Census Coordinator's (UCC) Control Maps, District Census Coordinato's (DCC) Control Maps and Divisional Census Coordinator's (DivCC) Control Maps are developed digitally for the first time in order to ensure the inclusion of each and every individual in census enumeration as well as to have the high-quality data. Appropriate legends and a sufficient number of landmarks are added to the maps for the appropriate demarcation of EA's boundaries. In order to provide a clear picture to the census personnel on the EAs, index maps are put around the control maps. This process predominantly contributes to reducing coverage error of the census.

1.3 (c) Integrated Census Management System (ICMS)

A web-based Integrated Census Management System (ICMS) is developed to control and manage the first digital Population and Housing Census 2022 efficiently. The ICMS is a digital infrastructure in which the name, designation, address, mobile phone number and other particulars of all census personnel, from enumerators to central monitoring officers, are inserted. All managerial activities of the census, including the techniques of using digital maps and who is responsible for what and so on, are carried out digitally through ICMS.

১.৩ (ঘ) নেটওয়ার্ক অপারেশন্স সেন্টার (এনওসি)

শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রমের পাশাপাশি তথ্যের গুণগতমান কেন্দ্রীয়ভাবে সরাসরি পর্যবেক্ষণ ও মনিটরিং এর লক্ষ্যে বিবিএস সদর দপ্তরে একটি নেটওয়ার্ক অপারেশন্স সেন্টার (এনওসি) স্থাপন করা হয়। এর মাধ্যমে আইসিএমএস ব্যবহার করে কোনো একজন গণনাকারী তার গণনা এলাকায় অবস্থিত খানাগুলোর মধ্যে শুমারি চলাকালীন নির্দিষ্ট সময়ে কতগুলো তথ্যসংগ্রহ করতে পেরেছে, নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করার জন্য তথ্যসংগ্রহের অগ্রগতি যথেষ্ট কি না কিংবা স্বাভাবিক মাত্রা থেকে অতি দ্রুত তথ্যসংগ্রহ হচ্ছে কি না ইত্যাদি বিষয় ডিজিটাল ম্যাপের মাধ্যমে সার্বক্ষণিক ভিজ্যুয়ালাইজড করা হয়। এছাড়া উক্ত গণনা এলাকার কিছু মৌলিক তথ্য যেমন- মোট খানার সংখ্যা, খানার আকার, লিঙ্গভিত্তিক জনসংখ্যা, লিঙ্গানুপাত, সাক্ষরতার হার ইত্যাদি তাৎক্ষণিক পর্যবেক্ষণ করা হয়। উল্লেখ্য, বর্ণিত কার্যক্রমসমূহ ক্ষুদ্র গণনা এলাকা হতে শুরু করে প্রশাসনিক যেকোনো স্তরের পাশাপাশি জাতীয় পর্যায়েও এনওসি'র মাধ্যমে সরাসরি পর্যবেক্ষণ করা হয়। এর মাধ্যমে কোনো একটি সুনির্দিষ্ট খানা কিংবা কোনো ব্যক্তি শুমারিতে অন্তর্ভুক্ত হয়েছে কি না সেটি তাৎক্ষণিক যাচাই করা সম্ভব হয়েছে। এর ফলে একদিকে তথ্যসংগ্রহ কার্যক্রম নির্ধারিত সময়ে গুণগতমান বজায় রেখে সফলভাবে সম্পন্ন করার পাশাপাশি বিভিন্ন সূচকের সঠিক তথ্য প্রাপ্তি নিশ্চিত করা সম্ভব হয়।

১.৩ (ঙ) আইসিটি অবকাঠামো ও ব্যবস্থাপনা

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এ ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহার করে খানার উপাত্ত সংগ্রহপূর্বক প্রথমে মোবাইল নেটওয়ার্কের মাধ্যমে বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল) এর আওতাধীন ঢাকার সন্নিকটে গাজীপুরের কালিয়াকৈরে অবস্থিত বঙ্গবন্ধু হাইটেক পার্ক এ স্থাপিত Tier IV Data Centre এ প্রেরণ করা হয়। উপাত্তগুলো উক্ত ডাটা সেন্টারে স্থাপিত মাল্টিলেয়ার ফায়ারওয়াল হয়ে লোড ব্যালান্সারের মাধ্যমে অ্যাপ্লিকেশন সার্ভারে সংরক্ষিত হয়। সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিতকল্পে উপাত্তগুলো ট্যাবলেট হতে অ্যাপ্লিকেশন সার্ভার পর্যন্ত ক্লাউড এর মাধ্যমে সম্পূর্ণ এনক্রিপ্টেড অবস্থায় প্রেরণ করা হয় যা পরবর্তীকালে Tier IV Data Centre এ স্থাপিত Oracle Exadata সার্ভার এর মাধ্যমে ক্লাউড থেকে অপটিক্যাল ফাইবার ক্যাবল এর মধ্য দিয়ে বিডিসিসিএল এর প্রধান কার্যালয়, ঢাকায় স্থাপিত ডাটা সেন্টারে স্থানান্তর করা হয়। অতঃপর বিডিসিসিএল এর ডাটা সেন্টার থেকে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে বিবিএস এর ডাটা সেন্টারে আনয়ন করা হয়। উল্লেখ্য, বর্ণিত অবকাঠামোর আওতায় উপাত্তগুলো বিবিএস এর ডাটা সেন্টার পর্যন্ত সম্পূর্ণ এনক্রিপ্টেড অবস্থায় নিয়ে এসে ডিক্রিপ্টেড করা হয়। উক্ত ডিক্রিপ্টেড উপাত্তগুলো নেটওয়ার্ক অপারেশন্স সেন্টারে স্থাপিত ডিজিটাল স্ক্রিনে রিয়েল টাইম ভিজ্যুয়ালাইজড হয়।

1.3 (d) Network Operations Centre (NOC)

With a view to centrally monitoring data collection activities along with their quality, an NOC is established at BBS Headquarters. Through the NOC, during the census, how many households have been enumerated by an enumerator assigned for a particular EA for data collection, whether the progress of data collection is justified to complete the task on time, or whether he/she has been collecting data faster than the usual trend etc., -- all these are instantly visualized on a digital map using ICMS, and continuously monitored as well. In addition to these, some basic information about EAs such as the total number of households, household size, population by sex, sex ratio, literacy rate etc. have been consistently observed on the screen of the NOC. The aforementioned activities are possible to observe in real time for any specific area, including any administrative tire, and for the national level. Among others, it has been possible to instantly identify whether any specific household or person is enumerated or not. This innovation contributes significantly to completing data collection successfully and timely with quality.

1.3 (e) ICT Infrastructure and Management

In the Population and Housing Census 2022, the data collected from households using the digital devices, tablets are directly transmitted through mobile network to the Tier IV Data Centre located at Bangabandhu Hi-Tech Park at Kaliakoir in Gazipur belonging to Bangladesh Data Center Company Limited (BDCCL). Later on, the data are stored in the application server passing through the Multilayer Firewall and the load balancer installed in that data centre. To ensure the utmost security, data are transmitted from the tablets to the application servers through the cloud in fully encrypted form. Subsequently, the data are transferred by Oracle Exadata, installed in the Tier IV Data Centre, from the cloud to the BDCCL Data Centre in Dhaka through an optical fiber cable. Afterwards, the data are passed through an optical fiber cable from BDCCL to BBS Data Centre. It is worth to mention that data are brought to BBS, using the ICT infrastructure mentioned earlier, in completely encrypted form, and later, make them decrypted here in BBS. The decrypted data are made possible to visualize in real-time on the giant screen set out in the NOC at BBS Headquarters.

১.৪ জনশুমারি ও গৃহগণনা ২০২২ এ ব্যবহৃত ডিজিটাল আর্কিটেকচার

1.4 Digital Architecture of Population and Housing Census 2022



উপরে বর্ণিত আর্কিটেকচারের মাধ্যমে ডিজিটাল শুমারি কার্যক্রম সফলভাবে পরিচালনা করা হয়।

The digital census operations are efficiently carried out using the aforementioned digital architecture.

১.৫ শুমারি ব্যবস্থাপনা

জনশুমারি ও গৃহগণনা ২০২২ সুষ্ঠু ও সফলভাবে পরিচালনা ও বাস্তবায়নের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (এসআইডি) কর্তৃক উক্ত বিভাগের সচিবকে প্রধান শুমারি সমন্বয়কারী/শুমারি কমিশনার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর মহাপরিচালককে জাতীয় শুমারি সমন্বয়কারী, এসআইডি এর অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা)-কে অতিরিক্ত প্রধান শুমারি সমন্বয়কারী, বিবিএস এর উপমহাপরিচালককে অতিরিক্ত জাতীয় শুমারি সমন্বয়কারী, সেন্সাস উইং এর পরিচালককে উপ-জাতীয় শুমারি সমন্বয়কারী, এসআইডি এর যুগ্মসচিব/বিবিএস এর পরিচালকবৃন্দকে সহকারী জাতীয় শুমারি সমন্বয়কারী, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের প্রকল্প পরিচালককে শুমারি সমন্বয়কারী, এসআইডি এর উপসচিব (উন্নয়ন-১)/জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের উপপ্রকল্প পরিচালকগণকে সহকারী শুমারি সমন্বয়কারীর দায়িত্ব প্রদান করা হয়। এছাড়াও বিবিএস এর যুগ্মপরিচালক/উপপরিচালক (জ্যেষ্ঠতর পর্যায়ের)-কে বিভাগীয় শুমারি সমন্বয়কারী, উপপরিচালক/উপপরিচালক (ভারপ্রাপ্ত)/পরিসংখ্যান কর্মকর্তাগণকে জেলা শুমারি সমন্বয়কারী, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা/সহকারী পরিসংখ্যান কর্মকর্তাগণকে উপজেলা শুমারি সমন্বয়কারী, পরিসংখ্যান তদন্তকারী/পরিসংখ্যান সহকারী/জুনিয়র পরিসংখ্যান সহকারী ও সমপর্যায়ের অন্যান্য কর্মচারীগণ এবং উপজেলা পর্যায়ে কর্মরত সরকারের অন্যান্য দপ্তরের অভিজ্ঞ ও দক্ষ নিয়মিত কর্মচারীগণকে জোনাল অফিসার হিসেবে নিয়োজিত করা হয়।

জনশুমারি ও গৃহগণনা প্রকল্প তথা জনশুমারি ও গৃহগণনা ২০২২ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (এসআইডি) এর সচিব এর সভাপতিত্বে অর্থ বিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশনসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের প্রতিনিধিগণের সমন্বয়ে একটি 'স্টিয়ারিং কমিটি' গঠন করা হয়। শুমারির কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় গাইডলাইন প্রদানের জন্য বিবিএস এর মহাপরিচালক এর সভাপতিত্বে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের প্রতিনিধিগণের সমন্বয়ে 'প্রকল্প বাস্তবায়ন কমিটি' গঠন করা হয়। এছাড়াও শুমারিতে সঠিক তথ্য প্রাপ্তি নিশ্চিতে জনসচেতনতা সৃষ্টির নিমিত্তে দেশব্যাপী শুমারির যথাযথ প্রচার কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের প্রতিনিধিগণের সমন্বয়ে একটি 'প্রচার কমিটি' গঠন করা হয়। এখানে উল্লেখ্য যে, CAPI পদ্ধতিতে শুমারির তথ্যসংগ্রহ করার লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ ও

1.5 Census Management

To accomplish the Population and Housing Census 2022 appropriately, the Secretary of Statistics and Informatics Division (SID) is appointed as the Chief Census Coordinator/Census Commissioner, the Director General of the BBS, as the National Census Coordinator, Additional Secretary (Administration/ Development/Informatics) as Additional Chief Census Coordinator, Deputy Director General of the BBS as Additional National Census Coordinator, Director of Census Wing as Deputy National Census Coordinator, Joint Secretaries of SID/Directors of BBS as Assistant National Census Coordinator, Project Director of the Population and Housing Census (PHC) 2021 Project, as the Census Coordinator, Deputy Secretary (Development-1), SID/Deputy Project Directors of the PHC 2021 Project as Assistant Census Coordinator. In addition, Joint Directors/Deputy Directors (based on seniority) as Divisional Census Coordinator, Deputy Directors/Deputy Directors (in charge)/Statistical Officers as District Census Coordinator, Upazila Statistical Officers/Assistant Statistical Officers as Upazila Census Coordinator, Statistical Investigators/Statistical Assistants/Junior Statistical Assistants and equivalent staff of BBS and experienced and skilled regular employees from other government departments at upazila level are appointed as Zonal Officer.

A Steering Committee headed by the Secretary of Statistics and Informatics Division (SID), consisting of the representatives of the Finance Division, Planning Division, Planning Commission and of other relevant Ministries/Divisions/ Departments, is formed to provide policy guidance to implement the project, and ultimately the Population and Housing Census 2022 successfully. A Project Implementation Committee (PIC) headed by the Director General of BBS, having members from the relevant Ministries/ Divisions/Departments is formed to provide implementation guidelines on the project as well as the census. Besides, a Publicity Committee is formed with the representatives of different Ministries/ Divisions/ Departments for ensuring a robust campaign on the census to create public awareness to get accurate data. It is noted that, a 'Technical

সুপারিশ প্রদানের নিমিত্ত এসআইডি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধি এবং বিবিএস এর কর্মকর্তাদের সমন্বয়ে একটি 'ICT বিষয়ক টেকনিক্যাল সাপোর্ট কমিটি' গঠন করা হয়। বর্ণিত কমিটিগুলো শুমারির প্রস্তুতিমূলক কার্যক্রম থেকে শুরু করে শুমারির সফল বাস্তবায়ন পর্যন্ত স্ব-স্ব ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

অধিকন্তু, ডিজিটাল শুমারির বিষয়ভিত্তিক কার্যক্রম যথাযথ ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে এসআইডি ও বিবিএস এর কর্মকর্তাগণের সমন্বয়ে মোট ৩৯টি টিম গঠন করা হয়। এর মধ্যে উল্লেখযোগ্য টিমগুলো হলো (১) সেন্সাস অ্যাডভাইজরি টিম, (২) সফটওয়্যার ভ্যালিডেশন টিম, (৩) টেকনিক্যাল সাপোর্ট টিম, (৪) ডাটা ভ্যালিডেশন অ্যান্ড টেবিল জেনারেশন টিম, (৫) আইসিটি কুইক রেসপন্স টিম, (৬) সিম রেজিস্ট্রেশন টিম, (৭) আন্তঃসমন্বয় এবং যোগাযোগ টিম, (৮) প্রশিক্ষণ বাস্তবায়ন টিম, (৯) পাবলিসিটি সাপোর্ট টিম, (১০) CAPI অ্যাপস অ্যান্ড সিকিউরিটি টিম, (১১) ডাটা ম্যানেজমেন্ট টিম, (১২) আইসিএমএস অ্যান্ড অ্যাপ্লিকেশন সফটওয়্যার টিম, (১৩) সিস্টেম সাপোর্ট টিম, (১৪) নেটওয়ার্ক ম্যানেজমেন্ট টিম, (১৫) জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) টিম ইত্যাদি। এছাড়াও শুমারির তথ্যসংগ্রহকালে মাঠ পর্যায়ে উদ্ভূত বিভিন্ন কারিগরি সমস্যার তাৎক্ষণিক সমাধানে বিবিএস এর অভিজ্ঞ আইটি কর্মকর্তাগণের সমন্বয়ে শুমারি বিভাগভিত্তিক ১২টি টেকনিক্যাল সাপোর্ট টিম গঠন করা হয়। মাঠ পর্যায়ে সুষ্ঠুভাবে শুমারির তথ্যসংগ্রহের নিমিত্ত ট্যাবলেট, প্রশিক্ষণ ম্যানুয়েল, প্রশিক্ষণের জন্য মুদ্রিত প্রশ্নপত্র, শুমারি এলাকার বিভিন্ন স্তরের কন্ট্রোল ম্যাপ, হাউজহোল্ড স্টিকার, শুমারি কাজে ব্যবহৃত বিভিন্ন স্টেশনারি সামগ্রীসহ সকল ধরনের শুমারি মালামাল বিতরণের জন্য শুমারি বিভাগভিত্তিক ১২টি লজিস্টিক বিতরণ টিম গঠন করা হয়। বিষয়ভিত্তিক এ টিমগুলো জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর সফল বাস্তবায়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রাখে।

Support Committee on ICT' is formed with the representatives of SID, Information and Communication Technology Division, Bangladesh Computer Council along with the officials of BBS to provide necessary suggestions and recommendations for conducting data collection using the CAPI method. The mentioned committees play vital roles in their respective fields from the preparatory activities to the successful implementation of the census.

Moreover, 39 teams by specific activities are formed with the officials of SID and BBS to implement specific activity explicitly. Of those, the most important teams are (1) Census Advisory Team (CAT), (2) Software Validation Team, (3) Technical Support Team (TST), (4) Data Validation and Table Generation Team, (5) ICT Quick Response Team, (6) SIM Registration Team, (7) Intra-Coordination, and Communication Team (ICCT), (8) Training Implementation Team, (9) Publicity Support Team (PST), (10) CAPI Apps and Security Team, (11) Data Management Team, (12) ICMS and Application Software Team, (13) System Support Team, (14) Network Management Team, (15) Geographic Information System (GIS) Team etc. Besides, division-wise twelve 'Technical Support Teams' are formed with experienced ICT officials of BBS, to provide prompt ICT supports on any issue that arises in the field, during the census data collection. Furthermore, division-wise twelve 'Material Distribution Teams' are formed to ensure proper distribution of all census materials, including tablets, training manuals, control maps, household sticker etc. to the field. These subject-specific teams played pivotal roles to conduct the Population and Housing Census 2022 successfully.

১.৬ শুমারি/জরিপ স্থায়ী কমিটি

মাঠ পর্যায়ে শুমারি/জরিপ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের নিমিত্তে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতিক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গঠিত শুমারি/জরিপ সংক্রান্ত স্থায়ী কমিটি রয়েছে। সিটি কর্পোরেশনের মেয়র, জেলা প্রশাসক, পৌরসভার মেয়র, উপজেলা নির্বাহী অফিসার, সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর নেতৃত্বে এ কমিটিগুলোর কার্যক্রম পরিচালিত হয়। উক্ত কমিটিগুলো মাঠ প্রশাসন, পুলিশ প্রশাসন ও সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষাবিদ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের স্থানীয় প্রতিনিধি, বাংলাদেশ স্কাউট, স্থানীয় সরকারি ব্যাংক, স্থানীয় প্রেস ক্লাব, চেম্বার অব কমার্স ও বণিক সমিতির প্রতিনিধি এবং বিবিএস এর সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে গঠিত। অন্যান্য শুমারির ন্যায় এ শুমারির প্রস্তুতিমূলক কার্যক্রমের অংশ হিসেবে কমিটিগুলোকে শুমারির বিভিন্ন কার্যক্রমে সরাসরি সম্পৃক্ত করার পাশাপাশি কার্যকর ভূমিকা রাখার লক্ষ্যে তথ্যসংগ্রহের পূর্বে সকল পর্যায়ের শুমারি/জরিপ সংক্রান্ত স্থায়ী কমিটির সভা আয়োজন করা হয়। উক্ত সভায় সদস্যগণকে শুমারির সার্বিক দিক সম্পর্কে অবহিত করে তাদের সহযোগিতা কামনা করা হয়। উল্লেখ্য, মাঠ পর্যায়ে শুমারির বিভিন্ন কার্যক্রম সফল বাস্তবায়নের ক্ষেত্রে এ কমিটিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

১.৭ শুমারি সমন্বয়

জাতীয় পর্যায়ে শুমারির কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে প্রাক-শুমারি কার্যক্রমের অংশ হিসেবে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে পরিসংখ্যান সংশ্লিষ্ট ৩৬টি মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার সচিব তথা সমপর্যায়ের কর্মকর্তাগণের অংশগ্রহণে একটি উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। সভায় শুমারির বিভিন্ন দিক বিশদভাবে পর্যালোচনা করা হয় এবং এর সফল বাস্তবায়নের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগসহ সভায় অংশগ্রহণকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে সুনির্দিষ্ট দিক নির্দেশনা ও দায়িত্ব প্রদান করা হয়। এ সভার মাধ্যমে প্রদত্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে মাঠ পর্যায়ে শুমারির প্রস্তুতিমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা, শুমারির প্রচার, তথ্যসংগ্রহ ইত্যাদি অত্যন্ত সহজ ও সফলভাবে সম্পাদন করা সম্ভব হয়। শুমারির বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা'র ভূমিকা প্রণিধানযোগ্য সেগুলো হলো- প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, শিক্ষা

1.6 Census/ Survey Standing Committee

To conduct censuses/surveys effectively in the field, Standing Committees on Census/Survey by administrative tire are in place, which have been formed by SID with the approval of the Cabinet Division. These Standing Committees are led by the Mayors of City Corporations, Deputy Commissioners (DCs) at the District, Paurashava Mayors at Paurashava, Upazila Nirbahi Officers (UNOs) at Upazila, Ward Councilors of City Corporations at Ward and Chairman of Union Parishads at Union. These committees are structured with the officials of field administration, officials of police administrations and related government departments, public representatives, academics, representatives from Bangladesh Muktijoddha Sangsad, Bangladesh Scouts, local public banks, local Press Clubs, Chambers of Commerces and local business associations and the relevant officials of BBS. Like other censuses of BBS, meetings of those committees' are organized before data collection to ensure their direct involvement and active roles in the census processes. In the meetings, the committees are informed about the census's overall activities and requested their wholehearted cooperations to complete the census smoothly.

1.7 Census Coordination

As part of pre-census activities, a high-level meeting chaired by the Cabinet Secretary, with the participation of the thirty-six concerned secretaries or equivalent officials of ministries/divisions/ agencies, is held to coordinate census operation. In the meeting, the pros and cons of the census are reviewed comprehensively, and specific guidelines and responsibilities are given to all Ministries/ Divisions/Agencies including SID. As a result, performing preparatory census activities such as census campaign, data collection etc., at the field become easier and smoother. The Ministries/ Divisions/Agencies played vital roles in accomplishing various activities of the census are: The Prime Minister's Office, Cabinet Division, Ministry of Public Administration, Ministry of Home Affairs, Bangladesh Police, Ministry of Defence, Information and Communication Technology (ICT) Division, Posts and Telecommunications Division, Ministry of Education, Ministry of Primary and Mass

মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, কৃষি মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন ইত্যাদি। এছাড়াও শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রমে আইটি সাপোর্ট প্রদানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ব্যানবেইসসহ বিভিন্ন সরকারি দপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত আইসিটি জনবল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

বিশেষভাবে উল্লেখ্য যে, ইউএনএফপিএ ও বিশ্বব্যাংক শুমারির বিভিন্ন কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদান করে। এছাড়া ইউএনএফপিএ-বাংলাদেশ এর কর্মকর্তাগণ দেশের বিভিন্ন এলাকায় শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রম সরেজমিনে প্রত্যক্ষ করেন।

১.৮ শুমারির প্রশ্নপত্র

শুমারির তথ্যসংগ্রহের অন্যতম উপকরণ হচ্ছে প্রশ্নপত্র। অতীতে অনুষ্ঠিত সকল শুমারি ম্যানুয়াল পদ্ধতিতে পরিচালিত হয় বিধায় উক্ত শুমারিগুলোতে পেপার বেইজড প্রশ্নপত্র প্রস্তুত ও ব্যবহার করা হয়। কিন্তু জনশুমারি ও গৃহগণনা ২০২২ CAPI পদ্ধতিতে পরিচালিত হয় বিধায় এ শুমারির প্রশ্নপত্র ডিজিটাল প্ল্যাটফর্ম বিবেচনা করে প্রণয়ন করা হয়। শুমারির প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে প্রথমে প্রকল্প পর্যায়ে একটি টিম গঠন করে আদমশুমারি ও গৃহগণনা ২০১১ এর প্রশ্নপত্র পর্যালোচনার পাশাপাশি প্রাসঙ্গিক বিভিন্ন বিষয় বিবেচনায় নিয়ে প্রশ্নপত্রের প্রাথমিক খসড়া প্রস্তুত করা হয়। পরবর্তীকালে বিবিএস পর্যায়ে একাধিক সভা আয়োজনপূর্বক খসড়া প্রশ্নপত্রটির প্রতিটি বিষয় পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণপূর্বক এর বিভিন্ন বিষয় পরিমার্জন, পরিবর্তন ও সংযোজন করা হয়। শুমারির প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর, শিক্ষাবিদ, গবেষক, সুশীল সমাজ, গণমাধ্যম, বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ ও অন্যান্য অংশীজনের মতামত ও পরামর্শ গ্রহণের নিমিত্তে একাধিক ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন করা হয়। ওয়ার্কশপ হতে প্রাপ্ত মতামত ও সুপারিশ সংযোজনপূর্বক প্রশ্নপত্রের পরিমার্জিত খসড়া প্রণয়ন করা হয় যা পরবর্তীকালে এসআইডি কর্তৃক গঠিত টেকনিক্যাল সাপোর্ট টিম (টিএসটি) এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণের সমন্বয়ে গঠিত 'প্রফেসর'স ফোরাম' কর্তৃক যাচাই-বাছাই ও পর্যালোচনা করা হয়। উক্ত কমিটি দু'টির মতামত সংযোজনপূর্বক প্রশ্নপত্রের উপযোগিতা ও কার্যকারিতা যাচাইয়ের লক্ষ্যে এটি মাঠ পর্যায়ে প্রিটেস্ট করা হয়। উক্ত প্রিটেস্ট থেকে প্রাপ্ত ফলাফল ও অভিজ্ঞতার আলোকে শুমারি প্রশ্নপত্রটির চূড়ান্ত খসড়া

Education, Ministry of Information and Broadcasting, Local Government Division, Ministry of Agriculture, Department of Agricultural Extension, Ministry of Youth and Sports, Ministry of Women and Children Affairs, Bangladesh Islamic Foundation etc. Moreover, field level ICT human resources of the Department of ICT, the Bangladesh Computer Council, BANBEIS and other government offices play significant roles in providing ICT supports in census data collection.

It is worth mentioning that the UNFPA and the World Bank provide technical supports in various activities of census. Moreover, officials of UNFPA Bangladesh observe census data collection in person at the field.

1.8 Census Questionnaire

The Questionnaire is the essential tool for data collection of a census. As all the previous censuses are conducted manually, their questionnaires are paper-based. However, since the Population and Housing Census 2022 are conducted following the CAPI method, its questionnaire is designed keeping digital platform in consideration. In the case of designing the census questionnaire, at first, a team in the project is formed to develop its first draft keeping the questionnaire of the last census 2011 and other relevant issues in consideration. Later on, it is thoroughly reviewed and analysed in a number of consultation meetings organized at BBS level, and made necessary changes. In order to make the questionnaire more inclusive, a number of consultation workshops are organized with the participations of representatives from various ministries/ divisions/agencies, academics, researchers, civil society members, media personnel, experts and other stakeholders. Incorporating the comments and suggestions received through the workshops, the revised draft of the questionnaire is prepared. Subsequently, it is further systematically reviewed and analysed by the 'Technical Support Team' formed by the SID to accomplish technical activities of the census, and followed by the 'Professor's Forum' formed with some renowned professors of different universities. After that, the questionnaire is pre-tested in the field to observe its performance. In light of the experiences and findings gathered from the pre-test, the final draft of the questionnaire is prepared. Afterwards, its CAPI

প্রস্তুত করা হয়। পরবর্তীকালে প্রশ্নপত্রের CAPI ভার্সন প্রস্তুত করা হয় ও এর কার্যকারিতা যাচাইয়ের নিমিত্ত সকল বিভাগে ফিল্ড টেস্ট পরিচালনা করা হয়। উক্ত ফিল্ড টেস্ট হতে প্রাপ্ত ফলাফলের আলোকে প্রশ্নপত্রের CAPI ভার্সনটি প্রয়োজনীয় পরিমার্জনপূর্বক এর উপযোগিতা যাচাইয়ের লক্ষ্যে সারাদেশে ৮২১টি নির্বাচিত গণনা এলাকায় পুনরায় প্রিটেস্ট পরিচালনা করা হয়। প্রিটেস্ট থেকে প্রাপ্ত ফলাফল ও অভিজ্ঞতার আলোকে প্রশ্নপত্রের CAPI ভার্সনের চূড়ান্ত খসড়া প্রস্তুত করা হয়। অতঃপর প্রশ্নপত্রটি প্রকল্প বাস্তবায়ন কমিটিতে উপস্থাপনের মাধ্যমে অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত করা হয়।

শুমারির প্রশ্নপত্রে খানা মডিউল ও ব্যক্তি মডিউল শিরোনামে দুটি মডিউল রয়েছে। খানা মডিউলে খানার ধরন, খানার বাসগৃহের সংখ্যা ও মালিকানা, খাবার পানির উৎস, টয়লেট সুবিধা, বিদ্যুৎ সুবিধা, রান্নার জ্বালানির উৎস, বৈদেশিক রেমিট্যান্সসহ মোট ১৫টি প্রশ্ন রয়েছে। ব্যক্তি মডিউলে খানার সদস্যদের জনমিতিক ও আর্থসামাজিক তথ্য, যেমন- বয়স, লিঙ্গ, বৈবাহিক অবস্থা, ধর্ম, প্রতিবন্ধিতা, শিক্ষা, কাজের মর্যাদা, প্রশিক্ষণ, মোবাইল ফোন ও ইন্টারনেট ব্যবহার, ব্যাংকিং সুবিধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বিষয়ক মোট ২০টি প্রশ্ন রয়েছে। অর্থাৎ শুমারির প্রশ্নপত্রে সর্বমোট ৩৫টি প্রশ্ন রয়েছে।

১.৯ CAPI অ্যাপস ও ওয়েব অ্যাপ্লিকেশন টেস্টিং

শুমারির তথ্যসংগ্রহের জন্য প্রস্তুতকৃত CAPI অ্যাপস, ওয়েব অ্যাপ্লিকেশন এবং ডিজিটাল সিস্টেমের সাইবার নিরাপত্তা মূল্যায়ন করার লক্ষ্যে নিম্নোক্ত টেস্টসমূহ সম্পন্ন করা হয়।

(১) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের Software Quality Testing and Certification (SQTC) Centre এর মাধ্যমে CAPI অ্যাপস ও ওয়েব অ্যাপ্লিকেশনের Vulnerability Assessment & Penetration Test (VAPT), Functional Test এবং Load & Stress Test সম্পন্ন করা হয়;

(২) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের e-Government Computer Incident Response Team (BGD e-GOV CIRT) এর মাধ্যমে CAPI অ্যাপস ও ওয়েব অ্যাপ্লিকেশনের Vulnerability Assessment & Penetration Test (VAPT) Test সম্পন্ন করা হয়;

version is developed to carry out data collection of the census digitally, using digital device tablets, following the Computer Assisted Personal Interviewing (CAPI) method, and a field test is conducted in every division to assess the performance of the CAPI questionnaire. After incorporating the findings of the test in the CAPI version, again a pretest is conducted in 821 selected EAs across the country. Based on the experiences and findings from the pre-test, the CAPI version of the questionnaire is finalized. Eventually, after a series of the aforementioned processes, the questionnaire is placed before the PIC's meeting, and ultimately finalized, accumulating the suggestions in the questionnaire, received from the meeting.

The questionnaire consists of two modules the Household Module and the Individual Module. In the Household Module, there are 15 questions on various characteristics of households namely types and number of households and their ownerships, source of drinking water, toilet facilities, electricity facilities, sources of cooking fuel, foreign remittance etc. In the Individual Module, there are 20 questions on different individual facts such as age, sex, marital status, religion, disability, education, working status, training, mobile phone and internet use, banking inclusion, ethnic population etc. Including all, there are 35 questions in the census questionnaire.

1.9 Testing of CAPI Apps and Web Application

To assess the cyber security of the digital system, Vulnerability Assessment & Penetration Test (VAPT) of CAPI apps & web application of the census, the testing performed is mentioned below:

(1) The Vulnerability Assessment & Penetration Test (VAPT), Functional Test, Load and Stress Test of CAPI apps & web application are accomplished through the Software Quality Testing and Certification (SQTC) Centre of Bangladesh Computer Council (BCC);

(2) The Vulnerability Assessment & Penetration Test (VAPT) of CAPI apps and online applications are made by the e-Government Computer Incident Response Team (BGD e-GOV CIRT) of Bangladesh Computer Council (BCC);

(৩) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর আইআইসিটি (Institute of Information and Communication Technology) বিভাগের মাধ্যমে জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ডিজিটাল সিস্টেমের সাইবার নিরাপত্তা মূল্যায়ন করা হয় এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা গ্রহণ করা হয়;

(৪) Nara Institute of Science and Technology (NAIST), Japan এর একজন সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞের নিকট হতে শুমারির CAPI অ্যাপস, ওয়েব অ্যাপ্লিকেশন এবং ডিজিটাল সিস্টেমের সাইবার নিরাপত্তা বিষয়ে পরামর্শ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা গ্রহণ করা হয়।

১.১০ গণনা পদ্ধতি

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এ মোডিফাইড ডি-ফ্যাক্টো পদ্ধতি অনুসরণপূর্বক লোকগণনা করা হয়। এ পদ্ধতিতে খানার সদস্যগণকে শুমারি মুহূর্তে তাদের অবস্থানে গণনাভুক্ত করার পাশাপাশি শুমারি মুহূর্তে যারা কর্তব্যরত কিংবা ভ্রমণরত ছিলেন, তাদেরকে স্ব-স্ব খানায় গণনাভুক্ত করা হয়।

১.১১ পাইলট শুমারি

পাইলট শুমারি বলতে নির্ভুল শুমারি পরিচালনার লক্ষ্যে মূল শুমারির অব্যবহিত পূর্বে শুমারির প্রস্তুতিমূলক সকল কার্যক্রমের কার্যকারিতা পরীক্ষা-নিরীক্ষা করাকে বোঝায়। এ শুমারিকে মূল শুমারির পূর্ণাঙ্গ ড্রেস রিহার্সেলও বলা হয়ে থাকে। শুমারির সকল প্রক্রিয়া ও কার্যক্রম চূড়ান্তরূপে পরীক্ষা-নিরীক্ষার জন্য দেশের ২৮টি নির্বাচিত নমুনা এলাকায় ২৭ এপ্রিল হতে ১৯ মে ২০২২ সময়ে পাইলট শুমারি পরিচালনা করা হয়। শুমারির সম্পূর্ণ প্রক্রিয়া অনুসরণ করে তথ্যসংগ্রহকারীগণ ট্যাবলেটের মাধ্যমে খানা হতে তথ্যসংগ্রহপূর্বক অনলাইনে সরাসরি সার্ভারে প্রেরণ করে, যা বিডিসিসিএল এ স্থাপিত Oracle Exadata ব্যবহার করে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ক্লাউড থেকে বিবিএস এর ডাটা সেন্টারে স্থানান্তর করা হয়। পাইলট শুমারি হতে অর্জিত অভিজ্ঞতার আলোকে শুমারির সার্বিক প্রক্রিয়া প্রয়োজনীয় সংশোধনপূর্বক চূড়ান্ত করা হয়।

১.১২ প্রশিক্ষণ

শুমারির তথ্য-উপাত্তের গুণগতমান নিশ্চিতকল্পে তথ্যসংগ্রহ কার্যক্রম দক্ষভাবে সম্পাদনের লক্ষ্যে শুমারিতে নিয়োজিত সকল কর্মীকে প্রশ্নপত্রের প্রতিটি বিষয়ে ম্যানুয়াল ও অডিও-ভিজ্যুয়াল উভয় পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ প্রশিক্ষণের মাধ্যমে শুমারিকর্মীগণকে প্রশ্ন ও তথ্যসংগ্রহ পদ্ধতিসহ শুমারির সার্বিক বিষয় সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়। বিভিন্ন স্তরের শুমারিকর্মীগণকে প্রতি ধাপে চার দিন করে তিন ধাপে প্রশিক্ষণ প্রদান করা হয়।

(3) Cyber Security Assessment of digital system of CAPI apps & web application are reviewed by the Institute of Information and Communication Technology of BUET, and necessary advices are taken from them, and incorporated as well;

(4) Necessary pieces of advices and guidelines are also received from a cyber security specialist at Nara Institute of Science and Technology (NAIST), Japan on the Cyber Security Systems of CAPI apps, web applications and digital systems of the census.

1.10 Enumeration Method

The modified de facto method is followed in the Population and Housing Census 2022. Under this method, members of households are enumerated in the place where they stay at the census moment, and the members who remain on duty or on journey at the census moment are enumerated at their usual residences.

1.11 Pilot Census

To run the census perfectly the pilot census means to examine all preparatory works of census just immediately before the main census. It is also termed as the full-dress-rehearsal of the main census. In order to assess the entire final processes of the main census, a pilot census was conducted from 27 April to 19 May 2022 in 28 selected sample EAs. Under the pilot, the enumerators collect data from households using tablets and transmit them to servers through online, which have been ultimately transferred from the cloud to the BBS data centre by using Oracle Exadata installed in BDCCL, passing through Optical Fiber Cable. In light of the experiences of the pilot census, required modifications are made and the overall census preparations are finalized.

1.12 Training

To perform data collection efficiently and to ensure high quality data, a comprehensive training in two forms, manual and audio-visual, is imparted on every aspect of the questionnaire to all census workers. Under these trainings, they are educated on the overall contents of the questionnaire and the data collection technique as well. The training is conducted for four days in three phases.

পর্যায়-১

মাস্টার ট্রেইনার হিসেবে বিভাগীয় শুমারি সমন্বয়কারী ও জেলা শুমারি সমন্বয়কারীগণকে ২৫ মে হতে ২৮ মে ২০২২ সময়ে বিবিএস সদর দপ্তরে চার দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়।

পর্যায়-২

জেলা পর্যায়ে নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে মাস্টার ট্রেইনার হিসেবে জেলা শুমারি সমন্বয়কারীগণ উপজেলা শুমারি সমন্বয়কারী, জোনাল অফিসার ও আইটি সুপারভাইজারগণকে ৩০ মে হতে ০২ জুন ২০২২ সময়সীমায় প্রশিক্ষণ প্রদান করেন।

পর্যায়-৩

উপজেলা শুমারি সমন্বয়কারী ও আইসিটি সুপারভাইজারগণের সার্বিক সহায়তায় জোনাল অফিসারগণ সুপারভাইজার ও গণনাকারীদের ১ম ব্যাচকে ৪ হতে ৭ জুন ২০২২ এবং ২য় ব্যাচকে ৯ হতে ১২ জুন ২০২২ পর্যন্ত উপজেলার নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ প্রদান করেন।

ম্যানুয়াল পদ্ধতির পাশাপাশি অডিও-ভিজ্যুয়াল ট্রেইনিং মডিউলের মাধ্যমে শুমারিকর্মীগণকে নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও প্রতিটি প্রশ্নের পৃথক ইন্টারঅ্যাকটিভ অ্যানিমেটেড ট্রেইনিং অ্যাপস প্রস্তুত করা হয় যা শুমারিকর্মীগণের প্রশিক্ষণলব্ধ জ্ঞান আরও সমৃদ্ধ করার জন্য সেলফ লার্নিং প্ল্যাটফর্ম হিসেবে ব্যবহারের সুযোগ সৃষ্টি করে। প্রশ্নমালার যেকোনো বিষয়ে শুমারিকর্মীগণের মধ্যে কোনো ধরনের অস্পষ্টতা দেখা দিলে তা দূরীকরণে প্রশিক্ষণের এ পদক্ষেপটি অত্যন্ত কার্যকর ভূমিকা রাখে।

১.১৩ কল সেন্টার

শুমারির তথ্যসংগ্রহের সময় মাঠ পর্যায়ে উদ্ভূত বিভিন্ন সমস্যা/জিজ্ঞাসার তাৎক্ষণিক সমাধানের লক্ষ্যে বিবিএস সদর দপ্তরে একটি কল সেন্টার স্থাপন করা হয়। উক্ত কল সেন্টারটি ৩০ মে হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত ২৪ (চব্বিশ) ঘণ্টা চালু রাখা হয় যেখানে ৪০ জন করে অপারেটর দুই শিফটে দায়িত্ব পালন করেন। কল সেন্টারের হটলাইন নম্বরে (০৯৬০২৯৯৮৮৭৭) ফোন করে শুমারিতে নিয়োজিত বিভিন্ন স্তরের কর্মীগণ প্রয়োজনীয় পরামর্শ ও সমাধান গ্রহণ করেন। এছাড়াও শুমারির গণনা থেকে যেন কোনো ব্যক্তি বাদ না পড়েন কিংবা সরাসরি ফোনে যোগাযোগের মাধ্যমে গণনায় অন্তর্ভুক্ত হতে পারেন সে লক্ষ্যে কল সেন্টারের হটলাইন নম্বরটি জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়।

Phase-1

As the master trainers, Divisional Census Coordinators (DivCCs) and the District Census Coordinators (DCCs) are provided training for four days from 25 to 28 May 2022 by the Core Census Trainers (CTT) at the BBS Headquarters.

Phase-2

Upazila Census Coordinators (UCCs), IT Supervisors, and Zonal Officers are imparted training by the DCCs for four days from 30 May to 02 June 2022 at the district level.

Phase-3

Supervisors and enumerators are trained for four days from 4 to 7 June in the first batch and the same from 9 to12 June 2022 in the second batch by Zonal Officers at Upazilas, Zones, and Unions with the help of Upazila Census Coordinators (UCCs) and ICT Supervisors.

Alongside the training manual, an audio-visual training module is developed for imparting intensive training to the census personnel. Besides, in order to enrich the knowledge gathered from manual training more perfectly through self-learning, separate interactive animated training apps on each question are developed, which have been widely used, especially by the enumerators and supervisors. This training platform plays an effective role in eliminating any ambiguity of census personnel on any matter of the census questionnaire.

1.13 Call Centre

A call centre is set up at BBS Headquarters to provide prompt solutions on subject matters and general queries of the census staff at various levels, which remained functional 24 hours from 30 May to 30 June 2022. A total of 40 operators performed their duties in two shifts at the call centre. The census personnel at different levels communicated, and sought solutions of various technical and critical aspects, calling through the hotline (09602998877). Furthermore, the centre is made open to all so that the people can communicate directly to the census team to be included in the census counting.

কল সেন্টারের পাশাপাশি বিবিএস সদর দপ্তরে একটি শুমারি নিয়ন্ত্রণকেন্দ্র স্থাপন করা হয়। শুমারি নিয়ন্ত্রণকেন্দ্রটি ২৯ মে ২০২২ হতে ২৮ জুন ২০২২ পর্যন্ত প্রতিদিন (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনসহ) সকাল ৮:০০টা হতে রাত ১২:০০টা পর্যন্ত খোলা রাখা হয়। যেখানে বিবিএস এর কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে গঠিত তিনটি টিম তিন শিফটে দায়িত্ব পালন করেন। তারা মাঠ পর্যায় হতে প্রাপ্ত সমস্যা/অভিযোগের বিবরণ নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করেন। অতঃপর প্রকল্প কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে প্রযোজ্য সমাধান মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মীকে অবহিত করে তা রেজিস্টারে নির্ধারিত স্থানে লিপিবদ্ধ করে রাখেন। একইসাথে সকল সিটি কর্পোরেশন, বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে শুমারি নিয়ন্ত্রণকেন্দ্র স্থাপনপূর্বক শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়।

১.১৪ শুমারির প্রচার

শুমারিতে সঠিক তথ্য প্রদানে জনসাধারণকে উৎসাহিত করার ক্ষেত্রে শুমারির প্রচার খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দেশের প্রতিটি স্থানে প্রত্যেক শ্রেণি-পেশার মানুষের কাছে শুমারির বার্তা পৌঁছানো এবং তাদেরকে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে উদ্বুদ্ধ করতে ব্যাপক প্রচার কার্যক্রম গ্রহণ করা হয়। প্রচার কার্যক্রমের শুরুতে শুমারি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক স্মারক ডাকটিকিট ও উদ্বোধনী খাম অবমুক্ত করা হয়। দেশের সকল মোবাইল ফোন ব্যবহারকারীকে মাননীয় প্রধানমন্ত্রী'র ভয়েস কল প্রেরণ করা হয়। মোবাইল ফোনে একাধিকবার শুমারি বিষয়ক খুদেবার্তা (এসএমএস) প্রেরণ এবং সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টালে শুমারির কাউন্ট ডাউন ক্লক সংযুক্ত করা হয়। শুমারির ব্যাপক প্রচারের লক্ষ্যে প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ায় নিয়মিত বিজ্ঞাপন, বিভিন্ন প্রচার কনটেন্ট যেমন- শুমারির থিম সং, নাটিকা, ডকুড্রামা, টিভি ও রেডিও কমার্শিয়াল ইত্যাদি সম্প্রচারের পাশাপাশি টক-শো আয়োজন করা হয়। বিভিন্ন টেলিভিশন চ্যানেলের স্ক্রলে শুমারির স্লোগান ও সময়সীমা প্রদর্শনের পাশাপাশি সোশ্যাল মিডিয়া যথা- ফেসবুক, হোয়াটসঅ্যাপ, টুইটার, ইউটিউব, ইনস্টাগ্রাম ইত্যাদি মাধ্যমেও শুমারির প্রচার চালানো হয়। দেশের সকল সিটি কর্পোরেশন এলাকায় ডিজিটাল বিলবোর্ডের মাধ্যমে বিভিন্ন প্রচার কনটেন্ট প্রদর্শন করা হয়। গ্রাম/মহল্লা তথা পাড়ায় পাড়ায় মাইকিং, পোস্টার লাগানো ও লিফলেট বিতরণ করা হয়। ইসলামিক ফাউন্ডেশন এর সহায়তায় দেশের সকল মসজিদে একাধিকবার জুম্মার নামাজের সময় ইমামগণ কর্তৃক শুমারির বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও মন্দির, প্যাগোডা ও গির্জায় শুমারির বিষয় প্রচার করা হয়। শুমারির প্রথম দিবস অর্থাৎ ১৫ জুন ২০২২ তারিখ দেশের ১০টি জাতীয় দৈনিক পত্রিকায় 'জনশুমারি ও

Alongside the call centre, a Census Control Center is established, as the previous censuses, in BBS Headquarters. It is kept open everyday from 8:00 a.m. to 12:00 a.m. from 29 May to 28 June 2022. Three teams with the BBS officials are formed and they carry out their duties in the centre by rotation. They note down the problems reported from the field in a specific register. Afterwards, they discuss the problems with the competent authority, including project team to have the appropriate solutions, and provide feedbacks to the census workers, and keep notes on it on the same register. The same arrangements are also made in all City Corporations, Divisions, Districts, Upazilas and Unions, in order to provide necessary supports to the census workers.

1.14 Census Campaign

The campaign plays very vital role in sensitizing the respondents to provide accurate data in census. A wide range of campaign is carried out to convey census messages to every person living each and every corner of the country. At the beginning, a commemorative postal stamp and an inaugural envelope are released by His Excellency the President of the People's Republic of Bangladesh. A Voice Call of the Honourable Prime Minister is delivered to all mobile subscribers. In addition, Short Message Services (SMS) on census are sent several times to all mobile phone users. Countdown clocks on the census are hoisted on the web portals of all government organizations. To ensure mass campaign, census messages are regularly publicized through print, electronic and online medias. Alongside talk-show, various promotional contents such as theme-song, playlet, docudrama, television and radio commercial are frequently aired through TV and radio. Census slogan and enumeration period are telecasted on various TV channels. In addition, social medias such as Facebook, WhatsApp, YouTube, Instagram, and so on are also used for census campaign. Census publicity contents are also displayed on a number of billboards in the prominent places of all city corporations. Posters are hung, leaflets are distributed and miking are done everywhere. Another special awareness campaign are broadly conducted by the Imams at all mosques during 'Jummah Prayers' with the cooperation of the Islamic Foundation. After that,

গৃহগণনা ২০২২' শীর্ষক ক্রোড়পত্র প্রকাশ করা হয়। এতে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পরিকল্পনামন্ত্রী, মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী, এসআইডি'র সচিব ও বিবিএস'র মহাপরিচালকের বাণী এবং শুমারির গুরুত্ব ও কার্যক্রম বিষয়ে প্রকল্প পরিচালকের একটি বিস্তারিত প্রতিবেদন প্রকাশিত হয়। তথ্যসংগ্রহ শুরুর দিন এসআইডি ও বিবিএস এর কর্মকর্তা-কর্মচারী এবং বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি), বাংলাদেশ স্কাউটস ও বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন এর সদস্যগণের অংশগ্রহণে বিবিএস সদর দপ্তরসহ দেশের সকল জেলায় একযোগে শুমারির উদ্বোধনী র‍্যালির আয়োজন করা হয়। শুমারি সপ্তাহ জুড়ে ঢাকা শহরে ঘোড়ার গাড়ি ব্যবহার করে শুমারির ব্যাপক প্রচার চালানো হয়। এ উপলক্ষ্যে পরিসংখ্যান ভবন, পরিকল্পনা কমিশন চত্বর, দোয়েল চত্বরসহ ঢাকা সিটি কর্পোরেশনের উল্লেখযোগ্য স্থান ও সড়কদ্বীপে আলোকসজ্জা করা হয়। এছাড়া দেশের অন্যান্য সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ এলাকা ও সড়কদ্বীপেও আলোকসজ্জা করা হয়।

census campaign are also conducted in temples, pagodas and churches. Special supplements are published in the most widely circulated 10 daily newspapers, containing the messages of His Excellency the President, Honourable Prime Minister, Minister for Planning, State Minister for Planning, Secretary of SID, Director General of BBS, along with a brief on the census by the Project Director of Population and Housing Census 2021 Project, on the very first day of enumeration on 15 June 2022. Census inaugural rallies are also demonstrated at BBS Headquarters as well as in all the districts with the participations of officials of SID and BBS along with the members of the Bangladesh National Cadet Corps (BNCC), Bangladesh Scouts and Bangladesh Girl Guides Association. A week-long Horse Carts' campaign is also carried out in Dhaka City. Including BBS Building (Parisankhyan Bhaban), some road dividers as well as some prominent places of Dhaka city such as Planning Commission's Premises, Doyel Chottor etc. are illuminated on the occasion of the census as part of campaign. The same is also done in all other city corporations.

১.১৫ শুমারি জনবল

শুমারিতে সকলের গণনাভুক্তি নিশ্চিতকল্পে দেশের সমগ্র অঞ্চলকে ক্ষুদ্র ক্ষুদ্র এলাকায় বিভক্ত করে মোট ৩,৮১,০৫৩টি গণনা এলাকা গঠন করা হয়। শুমারির তথ্যসংগ্রহের নিমিত্ত মূলত প্রতিটি গণনা এলাকার জন্য ০১জন হিসেবে মোট ৩,৬৫,৭৯১জন গণনাকারী এবং তাদের কার্যক্রম সরাসরি তদারকির জন্য ৬৩,৫৫০জন সুপারভাইজার নিয়োগ করা হয়। এসকল শুমারিকর্মী উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ কমিটি কর্তৃক নির্বাচন করা হয়। উক্ত কমিটি কর্তৃক আইসিটি জ্ঞান সম্পন্ন ও স্মার্ট ফোন পরিচালনায় পারদর্শী স্থানীয় যুবক ও যুব নারীদের মধ্য হতে বাছাইক্রমে গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন করা হয়। মাঠ পর্যায়ে গণনাকারী ও সুপারভাইজারদের কার্যক্রম সরাসরি তত্ত্বাবধান করার জন্য বিবিএস ও সরকারের অন্যান্য দপ্তরের ৩,৭৭৯জন কর্মকর্তা/কর্মচারীকে জোনাল অফিসার হিসেবে নিয়োজিত করা হয়। উল্লেখ্য, প্রথম ডিজিটাল শুমারি সফলভাবে সম্পাদনের নিমিত্ত জোনাল অফিসারদেরকে সহযোগিতা প্রদানের জন্য স্থানীয় যুবক ও যুব নারীদের মধ্য থেকে আইসিটি বিষয়ে পারদর্শী ৩,৭৭৯জনকে আইসিটি সুপারভাইজার হিসেবে নিয়োগ করা হয়। তথ্যসংগ্রহ কার্যক্রম সমন্বয় ও তদারকি করার জন্য ৫৫২জন উপজেলা শুমারি সমন্বয়কারী, ১৬৩জন জেলা শুমারি সমন্বয়কারী এবং ১২জন

1.15 Census Workforce

To ensure inclusion of all in the census, the entire country is fragmented into 3,81,053 Enumeration Areas with a tiny portion for each. A total of 3,65,791 enumerators, usually one for each EA, are appointed for data collection and a total of 63,550 supervisors are appointed for supervising data collection activity directly. These census workers are selected by the 'Enumerator and Supervisor Selection Committee' formed at Upazila, headed by the Upazila Nirbahi Officer. This committee selects local youth literally considering their ICT knowledge as well as their skills on smart phone operations. A total of 3,779 zonal officers from BBS and other government departments are engaged to supervise the enumerators and supervisors' activities at the field. It is to be noted that, in order to conduct the first ever digital census smoothly, a total of 3,779 ICT supervisors from the skilled local youths are also engaged for providing ICT assistance to the zonal officers. A total of 552 Upazila Census Coordinators (UCC), 163 District Census Coordinators (DCC), and 12 Divisional Census Coordinators (DivCC) are engaged to coordinate and supervise census activities

বিভাগীয় শুমারি সমন্বয়কারী দায়িত্বরত ছিলেন। বর্ণিত জনবলসহ সর্বমোট প্রায় ৪,৩৭,০০০জন শুমারির বিভিন্ন দায়িত্বে সরাসরি নিয়োজিত ছিলেন।

শরীয়তপুর জেলায় শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ১ জন জেলা শুমারি সমন্বয়কারী, ৪জন উপজেলা শুমারি সমন্বয়কারী, ২৭জন জোনাল অফিসার, ২৭জন আইসিটি সুপারভাইজার, ৪৭১জন সুপারভাইজার ও ২,৭৩২জন গণনাকারী নিয়োজিত ছিলেন। জেলায় শুমারির সকল কার্যক্রম জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত 'জেলা শুমারি/জরিপ কমিটি' কর্তৃক সমন্বয় ও তত্ত্বাবধান করা হয়।

১.১৬ তথ্যসংগ্রহ

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর তথ্যসংগ্রহের ক্ষেত্রে ১৪ জুন ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০টা (শূন্য মুহূর্ত, ১৫ জুন)-কে 'শুমারি রেফারেন্স পয়েন্ট/সময়' হিসেবে এবং ১৫ থেকে ২১ জুন ২০২২ সময়কে 'শুমারি সপ্তাহ' হিসেবে নির্দিষ্ট করা হয়। উল্লেখ্য, শুমারির তথ্যসংগ্রহের পূর্বে দুই দিন (১৩ ও ১৪ জুন ২০২২) গণনাকারীগণ কর্তৃক তাদের নিজ নিজ গণনা এলাকার খানাসমূহ সনাক্ত করার উদ্যোগ নেয়া হয়। শুমারির শুরুতেই ১৪ জুন ২০২২ দিবাগত রাত ১২:০০টা হতে ১৫ জুন ২০২২ ভোর ৬:০০টা পর্যন্ত অর্থাৎ শুমারি রাতে সারাদেশে ভাসমান/ছিন্নমূল লোকগণনা সম্পন্ন করা হয়। অতঃপর ১৫ জুন ২০২২ তারিখে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর খানার তথ্যসংগ্রহের মাধ্যমে শুমারির শুভ সূচনা করা হয়। ১৫ থেকে ২১ জুন ২০২২ পর্যন্ত সাতদিন দেশব্যাপী শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হয়। উল্লেখ্য, শুমারি চলাকালে দেশের উত্তর-পূর্বাঞ্চলে আকস্মিক ভয়াবহ বন্যা দেখা দেয়। একারণে শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রম যথাযথ সম্পন্ন করার স্বার্থে আন্তর্জাতিক প্রটোকল মেনে সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও নেত্রকোণা জেলায় শুমারির তথ্যসংগ্রহের সময়সীমা ২৮ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১.১৭ শুমারি পরবর্তী যাচাই (পিইসি) জরিপ

বিবিএস কর্তৃক সম্পাদিত প্রতিটি শুমারির পরেই এর Coverage Error ও Content Error নিরূপণের লক্ষ্যে জাতিসংঘের গাইডলাইন 'Principles and Recommendation for Population and Housing Census (Revision 3)' অনুসরণপূর্বক শুমারি পরবর্তী যাচাই (পিইসি) জরিপ পরিচালনা করা হয়। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর পিইসি জরিপ স্বতন্ত্র প্রতিষ্ঠান 'বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)' কর্তৃক সম্পাদন করা হয়। এ জরিপের আওতায় ৩৭৮টি নির্বাচিত

